


খাদিম নগর রোপ ওয়ে
Khadim Nagar Rope Way




## অ্যাডভেঞ্চার ওয়ার্ল্ড পার্ক

অ্যাডভেঞ্চার ওয়ার্ল্ড পার্কটি সিলেট শহর থেকে অদূরে এয়ারপোর্ট রোডে অবস্থিত। এখানে ২৫টি ভিন্ন রাইড রয়েছে। ১৩ একর জমির উপর স্থাপিত এই পার্কটি নয়নাভিরাম প্রাকৃতিক ও কৃত্রিম সৌন্দর্যে পরিপূর্ণ। সিলেট শহর থেকে সিএনজি চালিত অটো রিকশায় করে এই পার্কে যাওয়া যাবে। ভাড়া পড়বে ১৫০-২০০ টাকা।



## Adventure World Park

Adventure World Park is located at Airport road of Sylhet. There are twenty five different rides here in this park. The park is situated on 13 acres of land which has an impeccable natural and artificial beauty. One can go there by CNG driven auto-rickshaw which will take taka 150-200 from Sylhet city.





## ট্রিটপ অ্যাডভেঞ্চার ফার্ম

ট্রিটপ অ্যাডভেঞ্চার ফার্মটি সিলেট শহর থেকে অদূরে সিলেট সদর উপজেলায় অবস্থিত। এটি সিলেট ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দরের অদূরে ধোপাগুল থেকে রাতারগুল সড়ক ধরে সামনে অগ্রসর হওয়ার সময় চোখে পড়বে। ট্রিটপ অ্যাডভেঞ্চার ফার্মের মূল কর্মকাণ্ড ও আকর্ষণ হিসেবে ট্রিটপ অ্যাডভেঞ্চার, জিপলাইন (রোপওয়ে) কর্মকাণ্ড, ঝুলন্ত সেতু, রাত্রীযাপনের জন্য কটেজের ব্যবস্থা, বাচ্চাদের খেলার জায়গা ও অবস্ট্যাকল গেমস্, মাছ ধরার ব্যবস্থা, নৌকা ভ্রমণের ব্যবস্থা, ডাইনিং ব্যবস্থা, বিশ্রাম নেয়ার জন্য ঝুলন্ত হ্যামকসমৃদ্ধ জায়গা, মিটিং বা অনুষ্ঠান আয়োজনের জন্য টিলার মাথায় খোলা পরিবেশে কাঠের কারুকাজসমৃদ্ধ অডিটরিয়াম, ফিল্ড ক্যাম্পিং ইত্যাদি রয়েছে।

## Treetop Adventure Farm

Treetop Adventure Farm is located at Sylhet Sadar Upazila. It is near to Sylhet Osmani International Airport and can be found alongside theRatargul Road from Dhopagul point. The main activities and attractions of Treetop Adventure Farm are treetop adventure, zipline (ropeway) activities, hanging bridge, cottage arrangements for overnight stays, children's play area and obstacle games, fishing arrangements, boat trips, dining facilities, resting areas, wood-crafted auditorium for meetings or events, field camping, etc.




## ওসমানী জাদুঘর

আমাদের মহান মুক্তিযুদ্ধে বঙ্গবীর জেনারেল মোহাম্মদ আতাউল গণি ওসমানীর রয়েছে অনন্য অবদান। তাঁর বর্ণাঢ্য জীবনের বিভিন্ন কর্মকাণ্ড স্মরণীয় করে রাখতে সিলেট নগরীর ধোপাদিঘীর পাড়ে প্রতিষ্ঠা করা হয়েছে ওসমানী জাদুঘর। ১৯৮৭ সালের ৪ মার্চ আনুষ্ঠানিকভাবে জাদুঘরটির যাত্রা শুরু হয়। ২ বিঘা জমির উপর মনোরম পরিবেশে করা বাড়িটি ওসমানীর স্মৃতিগাঁথায় ভরপুর। জেনারেল এমএজি ওসমানীর ব্যবহৃত বিভিন্ন সামগ্রী, মুক্তিযুদ্ধ এবং মুক্তিযুদ্ধ পরবর্তী ঐতিহাসিক ঘটনার বহু দলিল, দুর্লভ ছবি, চিত্রকর্ম রয়েছে এখানে। জাদুঘরটি প্রতিদিন সকাল ৯টা থেকে সন্ধ্যা ৬টা এবং শুক্রবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত পরিদর্শন করা যায় কোন ফি ছাড়াই।

**কিভাবে যাবেন :** কদমতলী বাসস্ট্যান্ড থেকে অটোরিক্সায় যেতে লাগবে ১০০-১৫০ টাকা।





## Osmani Museum

Bangabir General Muhammad Ataul Gani Osmani, the then Commander-in-Chief of Bangladesh has glorious history in our liberation war. His house has been transformed into today's famous "Osmani Museum". It is situated at the Dhopadighirpar Sylhet. This museum has been established to pay tribute to the great hero of Bangladesh for his outstanding accomplishments. It was inaugurated on 4 March 1987. The house, filled with memories of M. A. G. Osmani, was built on a tranquil place covering two bighas of land. Various materials used by Osmani, many documents of the historical events of the war of liberation, rare pictures, paintings are preserved in the museum. The museum can be visited from 9 am to 6 pm everyday and from 3 pm to 8 pm on Friday, without any fees.

**How to go** : From Kadamtali bus stand it will cost Tk. 100-150 by CNG autorickshaw.

## বঙ্গবীর ওসমানী শিশু পার্ক

সিলেট নগরীর প্রাণকেন্দ্র ধোপাদিঘীর পাড়ে অবস্থিত বিনোদন কেন্দ্র বঙ্গবীর ওসমানী শিশুপার্ক। মুক্তিযুদ্ধের প্রধান সেনাপতি এমএজি ওসমানীর নামে তাঁর শেষ ইচ্ছা অনুযায়ী ২০০০ সালে স্থাপিত হয় এটি। প্রায় ৮ একর আয়তনের এই পার্ক। প্রতিদিন প্রচুর দর্শনার্থীর সমাগম ঘটে এই পার্কে।



## Bangabir Osmami Children Park

Bangabir Osmani Children Park is located at Dhupadighirpar in the heart of Sylhet city. It is an entertainment center. According to the last desire of M.A.G. Osmani, the then commander-in-chief of the Bangladesh Armed Forces during the liberation war of Bangladesh, the children park was established in the year of 2000. The total area of the park is about 8 acres. Many visitors gather here everyday for amusement.










## ভাষাসৈনিক মতিন উদ্দীন আহমদ জাদুঘর

স্বর্গের সিঁড়ি, মানুষ বিক্রির দলিল, প্রাচীন নাগরিলিপি কিংবা দুইমণ ওজনের হাতির দাঁত, সভ্যতার বিবর্তনে হারিয়ে যাওয়া অসংখ্য স্মৃতি বহন করে চলেছে সিলেটের ভাষাসৈনিক মতিন উদ্দীন আহমদ জাদুঘর। এখানে রয়েছে দ্বিতীয় বিশ্বযুদ্ধের বিভিন্ন স্মৃতি, ১৩শ' শতাব্দির কালো পাথরে তৈরি তৈজসপত্র ও কামান। ভাষাসৈনিক মতিন উদ্দীন আহমদের জীবদ্দশায় সংগৃহীত বিভিন্ন নির্দশন দিয়ে গড়ে তোলা হয় এই জাদুঘর। বর্তমানে জাদুঘরের নিদর্শনের সংখ্যা চার হাজার ছাড়িয়ে গেছে। এখানে রয়েছে প্রাচীন ঘড়ির গ্যালারি, সাটানো অবস্থায় ১৭শ' শতাব্দির মসলিন শাড়ি, প্রাচীন দলিল, ১৭১৯ শতাব্দির সংস্কৃত শিলালিপি, প্রাচীন যুগে ব্যবহৃত বিভিন্ন অস্ত্র, নেপালি ছুরি-খাপসহ তলোয়ার ও গুপ্তি, দ্বিতীয় বিশ্বযুদ্ধে ব্যবহৃত কামানের গোলার ক্যাপসুল, বিভিন্ন দেশের প্রাচীন মুদ্রা, ১৯৪৬ সালের ওরিয়েন্ট প্রেসসহ ইতিহাসের নানা অজানা উপকরণ। এই জাদুঘরের অবস্থান শাহজালাল (র.) দরগাহ গেইট সংলগ্ন কেন্দ্রীয় মুসলিম সাহিত্য সংসদ (কেমুসাস)-এর ৫ম তলায়।

## Language Fighter Matin Uddin Ahmed Museum

The Matin Uddin Ahmed Museum in Sylhet carries innumerable memories lost in the evolution of civilization, the stairs of heaven, documents of human trafficking, ancient inscriptions or ivory of two tons of weight. There are various relics of World War II, 13th century black stone utensils and cannons here in this museum. The museum was built with various artifacts collected during the lifetime of linguist Matin Uddin Ahmed. At present, the number of museum specimens exceeds four thousand. There is a gallery of antique clocks, a 17th century muslin sari, ancient documents, Sanskrit inscriptions of 1819, various weapons used in past, swords and guptis with Nepali knives and shells, cannon ball capsules used in World War II, ancient coins of different countries, various unknown materials of history, orient press of 1946 etc. The museum is located on the 5th floor of the Central Muslim Sahitya Sangsad (Kemusas) adjacent to the Dargah Gate of Shahjalal (R).




## বিছনাকান্দি

বাংলাদেশ-ভারত সীমান্তে মেঘালয়ের কোল ঘেঁষে প্রকৃতি যেন মনের মাধুরী মিশিয়ে নিজ হাতে সাজিয়েছে বিছনাকান্দিকে। পাহাড়ের বুক চিরে নেমে আসা মনোমুগ্ধকর ঝরনা, পাথরের বিছানার উপর দিয়ে বয়ে যাওয়া স্রোত মনকে টেনে নেয় প্রকৃতির গহীনে। বিছনাকান্দি সিলেট শহর থেকে ৬৪ কিলোমিটার দূরে গোয়াইনঘাট উপজেলায় অবস্থিত। শুকনো মৌসুমে বিছনাকান্দির আসল সৌন্দর্য চোখে পড়ে না। বর্ষাকালে পানির ঢল জায়গাটিকে মায়াময় করে তোলে।

**কিভাবে যাবেন :** সিলেটের আম্বরখানা পয়েন্ট থেকে সিএনজিচালিত অটোরিক্সা করে গোয়াইনঘাট হয়ে হাদার বাজার যাওয়া যায়। রিজার্ভ খরচ পড়বে ১,০০০-১,৫০০ টাকা। হাদার বাজার থেকে নৌকায় বিছনাকান্দি। ভাড়া পড়বে ১,২০০-২,৫০০ টাকা।

**কোথায় থাকবেন :** বিছনাকান্দিতে থাকার তেমন ভাল হোটেল/রিসোর্ট নেই। কেউ থাকতে চাইলে সিলেট শহরে ফিরে আসতে হবে।




## Bisnakandi

Nature has adorned Bisnakandi at the arms of Meghalaya at the border of Bangladesh-India with her own hands. The scenic beauty of the waterfall and tide flowing through the bed of pebbles and stones leads the heart towards the deepest part of the wonder of nature. It is located at Gowainghat which about 64 kilometers away from Sylhet city. But, it doesn't attract people in dry season. Rather, it gets enchanted in the rainy season.

**How to go :** One can go Hadar Bazar from the Amberkhana (Sylhet) by CNG-Auto rickshaw. It will cost Tk. 1000-1500. Then, from Hadar Bazar, one can hire boat. It will cost Tk. 1200-2000 as fare.

**Where to stay :** There is no quality hotel/resort to stay at Bisnakandi. One has to return to Sylhet city for staying.



বিছনাকান্দি
Bisnakandi





বিছনাকান্দি
Bisnakandi



## উতমাছড়া

প্রকৃতির অসাধারণ রূপ-লাবণ্যে ঘেরা এই জায়গাটি সিলেটের কোম্পানীগঞ্জ উপজেলার উত্তর রণিখাই ইউনিয়নে অবস্থিত। পুরো এলাকা হচ্ছে পাথরে ভরা। পানিতে বিছানো রয়েছে ছোট-বড় অসংখ্য পাথর। সেসব পাথরের কোনও কোনটাতে রয়েছে মোটা ঘাসের আস্তরণ। আবার কোন কোনটা ধবধবে সাদা। সারি সারি নীল পাহাড়ের কোলে পাথর বিছানো বিস্তৃত এলাকায় জলের ছোটাছুটি। পাহাড়ের বুক চিরে বের হয়ে আসে ঠাণ্ডা পানির স্রোত।

**কিভাবে যাবেন :** সিলেটের আম্বরখানা পয়েন্ট থেকে সরাসরি সিএনজিচালিত অটোরিক্সা নিয়ে যাওয়া যায় দয়ার বাজারে। ৩৫ কিলোমিটার দূরের এই জায়গার ভাড়া জনপ্রতি ১৬০-১৮০ টাকা। আর দয়ারবাজার থেকে আবার সিএনজি অটোরিক্সাযোগে যেতে হবে চড়ারবাজারে। চড়ারবাজার থেকে হেঁটে উতমাছড়া মূল স্পটে যেতে সময় লাগবে ১০ থেকে ১৫ মিনিট।



## Utmachara

Utmachara is surrounded by the unique scenic beauty of nature. This place is located at North Ranikhai union under Companiganj Upazila of Sylhet. The whole area is covered with different types of colourful stones. Some of those stones are wrapped with thick grasses and some are fully white. Water is flowing from the lap of blue hills and sprawling over the vast stone covered land area. The stream of cold water is flowing from the core of the mountains.

**How to go :** One can hire a CNG operated auto rickshaw directly from Ambarkhana point of Sylhet City to reach Doyarbazar. For this, one has to pay Tk. 160-180 to cover the distance of 35 kilometers. Then, from Doyarbazar, one has to reach Chorarbazar by auto rickshaw, and from there one can reach to Utmachara main spot on foot by 10 to 15 minutes.

## পান্থুমাই

বাংলাদেশ-ভারত সীমান্তে মেঘালয়ের কোলে এক অসম্ভব সুন্দর গ্রাম পান্থুমাই। এটি সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলার পশ্চিম জাফলং ইউনিয়নের একটি গ্রাম। পিছনে মেঘালয় পাহাড় এবং বয়ে চলা পিয়াইন নদীর পাড়ে এই গ্রামটি বাংলাদেশের সবচেয়ে সুন্দর গ্রামগুলোর একটি। এই গ্রামের পাশেই বিশাল ঝরনা যার স্থানীয় নাম 'ফাটাছড়ির ঝরনা' যা আমাদের কাছে পান্থুমাই ঝরনা হিসেবে পরিচিত। কেউ কেউ আবার 'বড়হিল ঝরনা' বলেও ডাকেন। ঝরনাটি ভারতের মধ্যে পড়লেও পিয়াইন নদীর পাড়ে দাঁড়িয়ে খুব কাছ থেকে দেখা যায়।

কিভাবে যাবেন: সিলেট শহর থেকে এর দূরত্ব ৫৮ কিলোমিটার। সিলেটের আম্বরখানা পয়েন্ট থেকে সিএনজিচালিত অটোরিক্সা করে গোয়াইনঘাট-এর হাদার বাজার যাওয়া যায়। রিজার্ভ খরচ পড়বে ১,০০০-১,৫০০ টাকা। হাদার বাজার থেকে নৌকায় পান্থুমাই যেতে ভাড়া পড়বে ১,২০০-২,০০০ টাকা।

কিভাবে থাকবেন : পান্থুমাইয়ে থাকার জায়গা নেই। তাই সিলেট শহরেই ফিরে আসতে হবে।




## Panthumai

Panthumai is a wonderful village near the Meghalaya at Bangladesh-India border. It is located to the west Jaflong union of Gowainghat upazila in Sylhet district. It is one of the most beautiful villages of Bangladesh which is on the bank of the Piyain river. Behind this village there is the hill Meghalaya. Beside this village, there is a large waterfall which is locally known as Fatachori waterfall and now known as Panthumai waterfall. It is also called as Borohill waterfall. Though it is in India, it can be seen very closely from the bank of Piyain river.

**How to go :** Panthumai is 58 k.m. away from Sylhet city. From the Amberkhana point of Sylhet city, CNG auto-Rickshaw are available to Gowainghat Hadar Bazar. It will cost Tk. 1000-1500 as fare. From Hadar Bazar to Panthumai one can go by boat. It will cost Tk. 1200 to 2000.

**Where to stay :** There are no hotels in Panthumai. One should come back to the city.






## চেঙ্গের খাল

সিলেটে স্থানীয়রা টাকি মাছকে 'চেঙ্গ' মাছ বলে। সকাল হতে না হতেই ছেলে-বুড়োরা 'চেঙ্গ' মাছ ধরার জন্য এই খালে চলে আসতো। এই 'চেঙ্গ' মাছের আধিক্য দেখে স্থানীয় অধিবাসীরা এর নামকরণ করেন 'চেঙ্গের খাল'। সেই থেকে নামটি এখনো ব্যবহৃত হচ্ছে। এটি সিলেট সদর উপজেলার হাটখোলা ইউনিয়নে পড়েছে। একসময় এটি খুব সরু একটি খাল ছিলো। এপার থেকে ওপার লাফ দিয়ে অনায়াসেই যাওয়া যেতো। এ খালে সে সময় পাওয়া যেত প্রচুর পরিমাণে টাকি মাছ।

## Chenger Khal

Local people of Sylhet call snake head fish as 'Cheng' fish. The abundance of 'Cheng' fishes entitled it as Chenger Khal. People of all ages used to gather in this place to catch 'Cheng' fish. Since then, the name has been being used. It is located at Hatkhola Union of Sylhet Sadar Upazila. Once 'Chenger Khal' was a very narrow canal. People could easily cross by jumping from one side to another side. At that time, people would find a lot of snake head fishes.






চেঙ্গের খালে নৌকাবাইচ প্রতিযোগিতা
**Boat Race in Chenger Khal**



## রাতারগুল

বাংলার আমাজন নামে পরিচিত গোয়াইনঘাটের রাতারগুল। যা দেশের একমাত্র 'ফ্রেশওয়াটার সোয়াম্প ফরেস্ট' বা জলাবন। বনটির উত্তরে রয়েছে মেঘালয় থেকে নেমে আসা স্রোতস্বিনী গোয়াইন নদী, আর দক্ষিণে রয়েছে বিশাল হাওর। মাঝখানে 'জলাবন' রাতারগুল। সারা পৃথিবীতে স্বাদুপানির জলাবন আছে মাত্র ২২টি। স্থানীয় ভাষার মুর্তা বা পাটিগাছ বা রাতাগাছের নামানুসারে এই বনের নাম হয়েছে রাতারগুল। আমাজনের মতোই গাছগাছালির বেশির ভাগ অংশই বছরে ৪ থেকে ৭ মাস থাকে পানির নিচে। বনের আয়তন ৩ হাজার ৩২৫ দশমিক ৬১ একর, আর এর মধ্যে ৫০৪ একর বনকে ১৯৭৩ সালে বন্যপ্রাণি অভয়ারণ্য হিসেবে ঘোষণা করা হয়।



## Ratargul

Ratargul of Gowainghat, is also known as the Amazon of Bangladesh. It is the only fresh water swamp forest of the country. It is surrounded by the river Gowain to the north and a vast 'haor' to the south. The name 'Ratargul' came from a local plant's name 'rata' or 'murta'. The major parts of the plants are submerged under water for around 4 to 7 months in a year like Amazon. The forest covers 3325.61 acres and 504 acres of it has been declared as 'Reserved Area' for wild animals in 1973. Till now, 73 species of plants are discovered here.








**কিভাবে যাবেন :** সিলেট শহর থেকে এর দূরত্ব ২৬ কিলোমিটার। সিলেটের আম্বরখানা থেকে একটা সিএনজিচালিত অটোরিক্সা রিজার্ভ করে মোটরঘাট (শ্রিঙ্গী ব্রিজ) যেতে লাগবে ৫০০-৬০০ টাকা। ব্রিজ থেকে ছোট ডিঙি নৌকা ভাড়া করতে হবে। ভাড়া নিবে সাড়ে ৩০০-৬০০ টাকা। বিট অফিস এর অফিসারকে জানিয়ে প্রবেশ করবেন বনের নিঃশব্দে।

**How to go :** It is 26 km from Sylhet City. One can reach Ratargul by CNG auto-rickshaw from Amberkhana point which will cost Tk. 500-600. Small boat can be hired from Shringi bridge to enter into the deep forest. It will cost another Tk. 300-600.






রাতারগুল
Ratargul




রাতারগুল
Ratargul

## লোভাছড়া

খাসিয়া- জৈন্তিয়া পাহাড়ের পাদদেশে বয়ে চলছে স্বচ্ছ পানির লোভাছড়া নদী। ব্রিটিশ আমলে চালু হওয়া চা বাগান আর প্রকৃতির অকৃত্রিম সৌন্দর্যে ঘেরা লোভাছড়া গ্রাম। এ গ্রাম থেকে খাসিয়া জৈন্তিয়া পাহাড় খুব কাছ থেকে দেখা যায়। লোভাছড়া চা বাগানটিও হয়ে উঠেছে বন্যপ্রাণীর অভয়াশ্রম। এখানে রয়েছে সুবিশাল পাথরের খনি। এখানে আসার পথে অনেক দৃশ্যই পর্যটকদের মন কেড়ে নেয়।





কিভাবে যাবেন : সিলেট থেকে যেতে হবে কানাইঘাট। সিএনজিচালিত অটোরিক্সা ভাড়া নেবে ৫০০ থেকে ৭০০ টাকা। সময় লাগবে দেড় থেকে দুই ঘন্টা। কানাইঘাট থেকে নৌকা নিয়ে যেতে হবে লোভাছড়া চা-বাগান আর লোভাছড়া জাতীয় উদ্যান। নৌকা ভাড়া পড়বে ৫০০ থেকে ৮০০ টাকা।





## Luvachora

The clear water of the river Luvachora flows beside the Khasia-Jaintia hill at the north-east border of Bangladesh. The Khasia-Jaintia hills are easily seen from the naturally enriched village "Luvachora" and the tea garden of British regime. The tea garden of Luvachora turns into a sanctuary for the wildlife. At the east of the river Surma, there lies a vast mine of stone. There are many places which will fascinate the heart of tourist on the way here.

**How to go :** One can go Kanaighat from Sylhet. It will take Tk. 500-700 by CNG auto rickshaw as fare. The journey will take 1.5 hours to 2 hours. Then, one has to hire a boat from Kanaighat to go to Luvachora and Luvachora national forest. About Tk. 500 will be the fare by boat.





## এস ও এস শিশু পল্লী

সিলেটের প্রাণকেন্দ্র থেকে ২৩ কিলোমিটার দূরে দয়ামীরে এস ও এস শিশু পল্লী, সিলেট-এর অবস্থান। জায়গাটির চারপাশ মনোহর চা-বাগান এবং সবুজ গাছ-গাছালি পরিবেষ্টিত। এস ও এস শিশু পল্লী স্থানীয় অসহায় পরিবারগুলোকে নিয়ে কাজ করে বেওং তাদেরকে শিক্ষা, স্বাস্থ্য সহায়তা, সুষম খাদ্য এবং কর্মমুখী শিক্ষা সংক্রান্ত প্রশিক্ষণ দিয়ে থাকে। যে সকল পরিবারে বাচ্চাদের বেড়ে উঠার সুযোগ-সুবিধার অভাব রয়েছে, সেখানেই রয়েছে এস ও এস শিশু পল্লী। এখানে শিশুরা অন্যান্য শিশুদের মাঝে ভাই-বোনের মত করে বেড়ে উঠে এবং পার্শ্ববর্তী বিদ্যালয়সমূহে বন্ধুত্বপূর্ণ পরিবেশে পড়ালেখার সুযোগ পায়।

## SOS Children's Village

SOS Children's Village Sylhet is located in Dayamir, about 23 km from the centre of the city of Sylhet. It is known for its beautiful surroundings which includes terraced tea gardens and tropical forests. SOS Children's Villages works closely with the local uvlnerable families and supports them with education, health care, balanced diets and training and tools for income-generating activities. When children can no longer stay with their families they can find a loving home in SOS village. The children grow up alongside their brothers and sisters, attending the nearby school and making friends with children from the neighbourhood.



## হাসন রাজার বাড়ি

মরমী কবি হাসন রাজা চৌধুরী ১৮৫৪ সালের ২১ ডিসেম্বর সুনামগঞ্জ জেলায় জন্মগ্রহণ করেন। তবে হাসন রাজার পূর্বপুরুষের পৈত্রিক বাড়ি ছিল সিলেটের বিশ্বনাথে। ষোড়শ শতাব্দীর শেষের দিকে বিশ্বনাথের রামপাশা বাজারে তাঁর পূর্বপুরুষ বিজয় সিং বসবাস শুরু করেন। দোতলা দালানের এই বাড়িটিতে জড়িয়ে আছে হাসন রাজার অনেক স্মৃতি।

## House of Hason Raja

Mystic poet Hason Raja Chowdhury was born in 21 December 1854 in Sunamganj district. But his ancestral house was in Bishwanath upazila of Sylhet. At the end of 16th century Hason Raja's ancestor Bijoy Sing started to live at Rampasha village at Bishwanath. This two storied building bears the memory of Hason Raja.











## হাসন রাজা মিউজিয়াম

মরমী কবি হাসন রাজার স্মৃতিকে অম্লান করে রাখতে সিলেটে প্রতিষ্ঠা করা হয়েছে মিউজিয়াম অব রাজাস। দেওয়ান তালেবুর রাজা ট্রাস্ট ২০০৬ সালে সিলেট নগরীর জিন্দাবাজারে মিউজিয়াম অব রাজাস চালু করে। এই ট্রাস্টের দায়িত্বে আছেন হাসন রাজার নাতি। হাসন রাজার পরিবারের ছবি, শ্বেত পাথরের তৈজসপত্র, হাসন রাজার ব্যবহৃত খড়ম, হুক্কা, হাসন রাজার ছবি, লোকবাদ্য যন্ত্র-ঢোলক, একতারা, তুম্বিরা, সারিন্দা, দোতারা ইত্যাদি সংরক্ষিত আছে। আছে হাসন রাজা ও লোকসঙ্গীত বিষয়ক ৩২টি বই। চোখে পড়বে হাসন রাজার ব্যবহৃত লোহার সিন্দুক। প্রতিদিন সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত মিউজিয়ামটি সকলের জন্য উন্মুক্ত থাকে।

## Museum of Rajas

Museum of Rajas has been built to keep memory of mystic poet Hason Raja. In 2006, Dewan Talebur Raja Trust started Museum of Rajas at Zindabazar in Sylhet city. The grandson of Hason Raja is in charge of the Trust. Family picture of Hason Raja, white stone's utensils, Raja's used clog, pictures and folklore tools-drums, one string, tumbi, sarinda and two string etc. are preserved here. There are 32 books about Hason Raja and folk music. Everyday, he museum is kept open for all from 9.00 am to 5.00 pm.





## মহাপ্রভু শ্রী চৈতন্যদেবের বাড়ী

বৈষ্ণব ধর্মের প্রবর্তক শ্রী চৈতন্যদেবের পূর্বপুরুষের বাড়ি তাঁরই নামে খ্যাত মন্দির। তেরো ধাপ সিঁড়ি ভেঙে উপরে উঠলে মন্দিরপ্রাঙ্গণ। প্রথমেই সিংহদ্বার। বামদিকে পাশাপাশি পাঁচটি ছোট মন্দির। এগুলোর নাম হল-নাট মন্দির, দোল মন্দির, রাম মন্দির, শ্রীমন্দির আর ভোগ মন্দির। এখানে দোল মন্দিরই মূল মন্দির। পঞ্চদশ শতাব্দীতে শ্রী চৈতন্য ছিলেন বাংলার একজন সর্বশ্রেষ্ঠ সংস্কারক। তিনি ২৫ বছর বয়সে গৃহত্যাগ করে সন্ন্যাসী হন। জাতিভেদ প্রথার বিরুদ্ধে তিনি প্রতিবাদ করেন। ৮৯১ বঙ্গাব্দের ২৩ ফাল্গুন পূর্ণিমা তিথিতে তিনি জন্মগ্রহণ করেন।



## Mahaprabhu Sri Chaitannaya Dev Temple

The founder of Vaishnavism Sri Chaitannaya Dev's ancestral house is a famous temple which was named after his name. The terrace of the temple can be found after stepping thirteen steps of the stairs. At the front, there is the main gate of the temple, and on the left side, there are five small temples side by side. They are, 'Dool Mandir', 'Ram Mandir', Sri Mandir' and 'Vug Mandir'. Among those temples, 'Dool Mandir' is the main temple. Sri Chaitannaya Dev was one of the greatest reformers of Bengal in the fifteenth century. At the age of twenty-five, he became a monk after leaving home. He protested against caste system. He was born in a Falgun Purnima Thithi in the year 891 BC.

### ধামাইল গান ও ধামাইল নৃত্য

সিলেট অঞ্চলে প্রচলিত এক ধরনের কাহিনী সংবলিত নাচকে বলা হয় ধামাইল নাচ। এটি এ অঞ্চলের লোকসংস্কৃতির একটি অংশ। যে কোন মাঙ্গলিক অনুষ্ঠানে এই গীত-নৃত্য পরিবেশন করা হয়। সাধারণত সনাতন ধর্মাবলম্বীদের বিয়ের অনুষ্ঠানে এই নাচের আয়োজন বেশি হয়। রাধারমন দত্তের হাত ধরে এ গান সবচেয়ে বেশি প্রসারিত ও প্রচলিত হওয়ায় তাকেই এ গানের স্রষ্টা বলা হয়।

'ধামা' শব্দটি থেকে 'ধামাইল' শব্দটির উৎপত্তি। এর অর্থ আবেশ বা ভাব। আবার, আঞ্চলিকভাবে এর অর্থ উঠোন। ধারণা করা হয়, বাড়ির উঠোনে এই গান-নাচের আয়োজন করা হয় বলে একে 'ধামাইল গান/নাচ' বলে।

### Dhamail Songs and Dhamail Dance

Dhamail is a form of folk music and dance originated in Sylhet. This lyric-dance is performed at any of the Mangalic ceremony. Generally, this ceremony is organized on the occasion of Hindu wedding. Folk music composer Radha Romon has been cited as the founder of the Dhamail dance tradition in Sylhet region. The word "Dhamail" is derived from the word "Dhama". It means feelings or mood. Locally, it means yard. It is assumed that this lyric-dance is called Dhamail as it is arranged in the house yard.





## মণিপুরী নৃত্য

ইতিহাস পর্যালোচনায় জানা যায়, ১৭৭৯ সালে মনিপুরের মহারাজা ভাগ্য চন্দ্র স্বপ্ন দৃষ্ট হয়ে যে নৃত্যগীতের প্রবর্তন করেছিলেন তাহাই রাসোৎসব। ভাগ্য চন্দ্রের পরবর্তী রাজাগনের বেশরিভাগই ছিলেন নৃত্যগীতে পারদর্শী এবং তারা নিজেরাও রাসনৃত্যে অংশগ্রহণ করতেন। এর ফলে মণিপুরী সম্প্রদায়ের মধ্যে এ কৃষ্টির ধারাবাহিকতায় কোন ছেদ পড়েনি। অতীতের সেই ধারাবাহিকতার সূত্র ধরেই কোন রূপ বিকৃতি ছাড়াই উদযাপিত হয়ে আসছে মণিপুরী সম্প্রদায়ের প্রধান ধর্মীয় উৎসব শ্রী কৃষ্ণের মহা রাসলীলা। রাখাল নৃত্য আর বাতাসা ছিটিয়ে শুরু হওয়া রাসোৎসব শেষ হয় মধুর রাসের নৃত্যের মধ্যদিয়ে। ১৯২৬ সালের সিলেটের মাছিমপুরে মনিপুরী মেয়েদের পরিবেষ্টিত রাস নৃত্য উপভোগ করে মুগ্ধ হয়েছিলেন বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুর। পরে কবিগুরু কমলগঞ্জের নৃত্য শিক্ষক নীলেশ্বর মুখার্জীকে শান্তি নিকেতনে নিয়ে প্রবর্তন করেছিলেন মণিপুরী নৃত্য শিক্ষা।

## Manipuri Dance

It has been known from history that in 1779, king Vaggo Chandro of Manipur dreamt of a lyric dance and established Ras festival. The following kings of Vaggo Chandra were expert in lyric dance and they also participated in dance of Ras festival. And chronologically Manipuri communities have also been maintaining the culture. Without any deviation from the past, the main religious festival of Manipuri communities, the Maha Rasalila of Sree Krishna has been being celebrated. Ras festival usually begins with Rakhal dance and a sprinkling of "Batasha" a local sweet of Bangladesh. The festival ends with sweet Ras dance. In 1926, Rabindranath Tagore was enchanted with Ras dance by the Manipuri girls in Machimpur of Sylhet. After that, he established Manipuri dance school in Shanti Niketan with the help of a dance teacher named Nileshwar Mukherjee of Komolganj.








## পলো বাওয়া উৎসব

সিলেটের বিশ্বনাথ উপজেলার গোয়াহরি গ্রামের শত বছরের পুরনো ঐতিহ্য হচ্ছে পলো বাওয়া উৎসব। প্রতি বছর মাঘ মাসের প্রথম দিনে এ উৎসব হয়ে থাকে। এ উৎসব ঘিরে দীর্ঘদিন ধরে চলে প্রস্তুতি। গ্রামের পঞ্চায়েতের পক্ষ থেকে ভাদ্র মাস থেকে বিলে সব ধরনের মাছ শিকারে নিষেধাজ্ঞা জারি করা হয়। এরপর পাঁচ মাস মাছ ধরা বন্ধ থাকে। মাঘ মাসের প্রথম দিনে প্রথা অনুসারে মাছ ধরার উৎসবের আয়োজন করা হয়। এদিন সকাল থেকেই গ্রামের ছোট-বড় সবাই দলবেঁধে মাঘের কনকনে শীত উপেক্ষা করে পলো, বিভিন্ন ধরনের ছোট-বড় হাতজাল নিয়ে গ্রামের দক্ষিণের বড় বিলে পাড়ে জড়ো হতে থাকেন। এ দৃশ্য দেখতে সেখানে ভিড় করেন দূরের বিভিন্ন গ্রাম থেকে আসা দর্শনার্থীরাও। নির্ধারিত সময়ে সকলে একসঙ্গে মাছ শিকারে ঝাঁপ দেন। এ সময় তাদের হৈ-হুল্লোড়ে অন্যরকম আমেজ সৃষ্টি হয়।

## Polo Bawa Festival

Polo Bawa festival is a hundred years old tradition of the village Goahori of Bishwanath Upazila of Sylhet district. This festival is held on the first day of Magh every year. Preparation for the festival goes for a long time. The village Panchayet forbids fishing from the month of Bhadra anf fishing stops for 5 months. According to the tradition, the fish festival is arranged at the first day of Magh. On this day, village people come together ignoring the pinching cold of the winter with different small and big hand nets towards the beel at the south side. Visitors from other villages gather there to see the event. The festival begins at a specific time. At that time, an enchanting mood is created with their hustle and bustle.





## ঘোড়দৌড়

বাংলাদেশের গ্রাম এলাকার দারুণ এক বিনোদন হচ্ছে ঘোড়দৌড়। প্রতি বছর সিলেটের গোয়াইনঘাট, বিয়ানীবাজার, বালাগঞ্জ ও বিশ্বনাথের হাওরাঞ্চলে শুষ্ক মৌসুমে মেলা আর ঘোড়দৌড়ের প্রতিযোগিতা হয়ে থাকে। দিনে ঘোড়দৌড় আর রাতে মেলা। একই সাথে চলে গান এবং যাত্রাপালা। খেলা দেখতে আসা সকল বয়সের মানুষের এক জমজমাট আসর বসে গ্রামের ধানক্ষেতে। ২০১১ সাল থেকে প্রতিবছর ফাল্গুন মাস থেকে বৈশাখের যে কোনো সময়ে সিলেটের গোয়াইনঘাট উপজেলার আলীরগাঁও ইউনিয়নের সাতটি গ্রামের উদ্যোগে ঘোড়দৌড়-এর আয়োজন করা হয়ে আসছে। কখনো বছরে দুই কিংবা তিনবারও এই আয়োজন হয়।

## Horse Race

Horse race is a great entertainment in the rural areas of Bangladesh. Every year fairs and horse races are organized in the dry season of the wetland areas of Gowainghat, Beanibazar, Balaganj and Bishwanath of Sylhet district. Horse races are organized at day and fair starts at night. People of all ages gather at the paddz fields in order to watch the game. Every year since 2011, horse races have been organized in seven villages of Alirgaon Union of Gowainghat Upazila of Sylhet at any time between Falgun to Boishakh. Sometimes this is organized two or three times a year.



## লাঠি নৃত্য

ফাগুয়া চা শ্রমিকদের অন্যতম প্রধান উৎসব। প্রতি বছর বসন্তে বিপুল উৎসাহ উদ্দিপনার মধ্য দিয়ে এই উৎসব চা-শ্রমিকরা পালন করে। এই ফাগুয়া উৎসব অন্যদের কাছে হোলি নামে পরিচিত। চা বাগানগুলোতে ফাগুয়াকে কেন্দ্র করে যার যার সামর্থ অনুযায়ী এক সপ্তাহ আগে থেকে সংগ্রহ করা হয় বিভিন্ন ধরনের রং। তরুণ-তরুণীরা নাচের দল নিয়ে সমবেত কণ্ঠে জনপ্রিয় পাহাড়ি গান গেয়ে ছুটে চলেন এ বাড়ি থেকে ও বাড়ি। এসময় চলে ঐতিহ্যবাহী লাঠি নৃত্য।




## Stick Dance

Fagua is one of the main festivals of tea workers. Every year in the spring, the tea workers celebrate this festival with great enthusiasm. This Fagua festival is known to others as Holi. In the tea gardens, a variety of colors are collected from a week in advance according to one's ability. The youngsters with the dance team sang popular hill songs and ran from house to house. At this time the traditional stick dance goes on.




## সাদা পাথরের ভোলাগঞ্জ

সিলেটের কোম্পানীগঞ্জ উপজেলার সাদা পাথরের ভোলাগঞ্জের অবস্থান। জাফলং, বিছনাকান্দির পর প্রকৃতি প্রেমীদের মূল আকর্ষণ এখন ভোলাগঞ্জের সাদা পাথর। ধলাই নদীর উজানে বাংলাদেশ-ভারত সীমান্তের জিরো লাইনে এলাকাটির অবস্থান। এখানকার স্বচ্ছ জলরাশি, সবুজ পাহাড় আর নির্জনতা কাছে টেনে প্রকৃতিপ্রেমীদের। দূরের পাহাড়গুলোর ওপর মেঘের হুড়োহুড়ি, সাথে একটা-দুটো ঝরনা। নদীর তলদেশে হাঁটু পানির তলায় বালির গালিচা। চিকমিক বালু আর ছোট-বড় পাথর মিলে এখানে তৈরি হয়েছে যেন পাথরের রাজ্য। ভোলাগঞ্জের স্বচ্ছ জলরাশির সাথে সাদা পাথর ও সবুজ অরণ্য পরিবেশকে এক নান্দনিক রূপ দিয়েছে।



## Bholaganj of White Stone

Bholaganj of white stone is located at Companiganj Upazila of Sylhet District. After Jaflong and Bisnakandi, nature lover's first attraction is Bholaganj now. It is located at the upper area of Dholai River in the zero line of Bangladesh-India. Its clear water, green hills and tranquility attracts the nature lovers. Scattered clouds can be seen over the far away hills. Below the knee level of water of the river, river bed is like sand carpet. Shiny sand and small & big hills have adorned it as if it is a kingdom of stone. The clear water of Bholaganj of white stone and the green jungle have given a captivating shape.




**কিভাবে যাবেন :** সিলেট থেকে ৩৩ কিলোমিটার দূরে ভোলাগঞ্জের অবস্থান। সরাসরি যাতায়াতের ব্যবস্থা নেই। সিলেট থেকে পাবলিক বাসে করে যেতে হবে টুকের বাজার। সেখান থেকে সিএনজি চালিত অটোরিকশা করে যেতে হবে ভোলাগঞ্জ। নৌকার ভাড়া পড়বে ১ হাজার ৫০০ থেকে ২ হাজার টাকা।






**How to go :** Bholaganj is located about 33 kilometers far away from Sylhet. There is no direct transport system to go over there. One has to go to Tuker Bazar by public bus. From there, one needs to take CNG auto rickshaw to go to Bholaganj. Boat fare will cost about Tk. 1500 - 2000.




## শাপলার রাজ্য ডিবি হাওর

সিলেটের জৈন্তাপুর উপজেলার ডিবির হাওর। সিলেট থেকে ৪২ কিলোমিটার রাস্তা পেরুলেই বিজিবি ক্যাম্পের পাশে এই হাওরে নৌকা নিয়ে ঘুরে বেড়াতে খরচ পড়বে ৩০০-৪০০ টাকা।



## Dibi Haor Full of Water Lily

Thousands of red water lily bloom in Dibir Haor of Jaintiapur Upazila. It is 42km away from Sylhet near BGB camp. It will cost about Tk. 300-400 for boat riding in the Haor.








শাপলার রাজ্য ডিবি হাওর
Dibi Haor Full of Water Lily

## নীল পানির লালাখাল

নীরব পরিবেশ আর প্রকৃতির অপার সৌন্দর্য লালাখালকে দিয়েছে ভিন্নমাত্রা। চারিদিকে সারিবদ্ধ সবুজ পাহাড় তার মাঝ দিয়ে প্রবাহিত সারি নদীর অপরূপ জলরাশি সহজেই মুগ্ধ করে পর্যটকদের। কুয়াশার মতো মেঘ সবসময়ই ভর করে থাকে পাহাড়ের মাথায়। সারি নদীর পানির রং নীল। নীল পানির দুপাশে সবুজ টিলার গায়ে চা বাগান। ভারতের চেরাপুঞ্জির পাশেই লালাখাল। জোৎস্না রাতে লালাখালকে লাগে রহস্যময়ীর মতো।





## Lala Khal of Blue Water

Quiet environment and immense beauty of nature have given Lalakhal a different dimension. Surrounding green hills and aesthetic water of Sari river flowing through the hills easily fascinate the tourists. Fog like clouds are always seen at the peak of the hills. Water colour of Sari River is blue. Tea garden can be seen on the green hills on both sides of the blue water. It is located just beside India's Cherapunji.





নীল পানির লালাখাল
Lala Khal of Blue Water



নীল পানির লালাখাল
Lala Khal of Blue Water

**কিভাবে যাবেন :** সিলেট শহর থেকে জাফলং রোডে জৈন্তাপুর উপজেলায় এর অবস্থান। সন্ধ্যার দিকে নদীতে কোন নৌকা থাকে না, তাই ভ্রমণ বা ঘোরাঘুরি সন্ধ্যার মধ্যেই শেষ করতে হয়। সিলেট থেকে জাফলংয়ের বাসে প্রায় ৩৫ কিলোমিটার গেলেই সারিঘাট পড়বে। মাইক্রো রিজার্ভ করে যেতে ভাড়া পড়বে ২৫০০-৩০০০ টাকা। নদীতে নৌকা ভ্রমণ করা যাবে ঘণ্টায় ৬০০ টাকায়।

**How to go :** It is located at Jaintiapur upazila which is on the way to Jaflong. As boata are not available in the evening, the visit has to be completed before evening. One has to go by Bus towards Jaflong from Sylhet to reach Sarighat. So, one has to cross 35 kilometer road. It will cost Tk. 2,500-3,000 for reserved microbus and Tk. 600 will cost as boat fair.



নীল পানির লালাখাল
Lala Khal of Blue Water



## সারি নদী

সিলেটের একটি উচ্ছল নদী হচ্ছে সারি। সাপের মতো এঁকেবেঁকে বয়ে গেছে সিলেটের বুকে। দৈর্ঘ্য ৮৫ কিলোমিটার এবং প্রস্থ ১১৯ মিটার। ভারতের মেঘালয় রাজ্যের জৈন্তা পাহাড়ের বুক চিরে নেমে এসেছে সারি নদী। কথিত আছে, এই নদী দিয়েই পর্যটক ইবনে বতুতা বাংলাদেশে এসেছিলেন। সারি নদী এতোটাই স্বচ্ছ যে এর বুকে সাঁতার কাটা কিংবা নৌকায় ঘুরে বেড়ানোর আনন্দ তুলনাহীন। দুই পাশের টিলা, পাহাড়, সবুজ বনানী, এঁকেবেঁকে চলা স্বচ্ছ জলের সারি নদী মনে-প্রাণে প্রশান্তি এনে দেয়।

## Sari River

Sari is one of the most beautiful rivers of Sylhet which has been flowing like a Zigzag. It is nearly about 85 km long and 119 m wide. It has originated from the Jaintia hill of Meghalaya state of India. It is said that Ibne Batuta, a world-famous traveler entered into Bangladesh via this river. Its water is so clear that swimming and travelling by boat in this river is a matter of tremendous pleasure. It brings tranquility and composure for the tourist through its natural beauty.



## শ্রীপুর

মেঘ পাহাড়ের দেশ নামে খ্যাত জৈন্তাপুর উপজেলায় অবস্থিত শ্রীপুর পিকনিক স্পট। নীরবতায় আচ্ছাদিত এই স্থানটির পরিবেশ যেকোন পর্যটককে দেয় অনাবিল আনন্দ। সিলেট-তামাবিল সড়কের দু'পাশের প্রকৃতি অসাধারণ বৈচিত্র্যপূর্ণ। দূর পাহাড়ের বুকে চিরে ঝরে পড়া ঝরনার দেখা মিলবে শ্রীপুর যাওয়ার পথে। শ্রীপুরের লেকের স্বচ্ছ জলরাশির মধ্যে ইচ্ছে করলেই নৌ ভ্রমণ সেরে নেয়া যায়।



## Sripur

Sripur picnic spot is located at Jaintiapur Upazila which is welknown for clouds and hills. Calm and quiet environment of this spot, offers boundless pleasure to any visitor. Natural beauty of both sides of Sylhet-Tamabil road is full of exceptional diversity. On the way to Sripur, one can see fountains of far away hills. One can enjoy boat journey on clear water of Sripur Lake.







**কিভাবে যাবেন :** সিলেট শহর থেকে ৬২ কিলোমিটার দূরে শ্রীপুরের অবস্থান। শ্রীপুরে যাতায়াত সুবিধা ভালো। বাসে অথবা রিজার্ভ গাড়ি এই দুই মাধ্যমেই পৌঁছানো যায় শ্রীপুরে। ভাড়া লাগবে ১৫০০-২০০০ টাকা।

**How to Go :** It is located 62 kilometer away from Sylhet city. Transportation facility towards Sripur is reasonable. One can reach there by bus or reserve car. It will cost Tk. 1500-2000.



## সারিঘাট

সিলেট থেকে জাফলং যাওয়ার পথেই পড়বে সারিঘাট। গোয়াইনঘাটে এই নদীর অবস্থান। নদীর ঘাটে এলেই চোখে পড়বে বালু তোলার দৃশ্য। সারি নদীর বালু এ এলাকায় প্রসিদ্ধ। এই ঘাট থেকে একই সাথে সারি নদী আর মেঘালয়ের সৌন্দর্য উপভোগ করা যায়। সারি নদীর পানি এতটাই নীল যেন মনে হবে আকাশের সব নীল আছড়ে পড়েছে সারির বুকে। সারি নদীর দুই পাড়ে তরমুজ ও চায়ের চাষ চোখে পড়ার মতো।

কিভাবে যাবেন : বাসে করে সিলেট থেকে গোয়াইনঘাটের সারিঘাট যেতে হবে।





## Sarighat

On the way to Jaflong from Sylhet city, Sarighat will be found. It is situated in Gowainghat Upazila. From river bank, you can see the scenery of sand collection. Sand of Sari River is well-known. From the bank of Sarighat, one can enjoy the beauty of both Sari River and Meghalaya. The water of Sari is so blue that it seems the whole blue of sky is bestowed upon the surface of Sari. The cultivation of tea and watermelon on the both side of Sari river is very significant.

**How to go :** One can go there by bus from Sylhet to Sarighat area of Gowainghat.


হাকালুকি হাওর

হাকালুকি হাওর





Hakaluki Haor



হাকালুকি হাওর
Hakaluki Haor



হাকালুকি হাওর
Hakaluki Haor

## হাকালুকি হাওর

বাংলাদেশের বৃহত্তম হাওর হাকালুকি। এশিয়ার অন্যতম একটি মিঠা পানির এ হাওর এর বিস্তৃতি সিলেট জেলার গোলাপগঞ্জ ও ফেঞ্চুগঞ্জ উপজেলা এবং মৌলভীবাজারের কুলাউড়া ও বড়লেখায়। হাকালুকি হাওরের বিশাল জলরাশির মূল প্রবাহ জুড়ি ও পানাই নদী। ২৫ হাজার হেক্টরের এ হাওরে রয়েছে ১৭০ প্রজাতির মাছ, ১২০ প্রজাতির জলজ উদ্ভিদ। হাওরের মোট ২৩৮টি বিলের মধ্যে ২০টি বিলকে অভয়াশ্রম ঘোষণা করা হয়েছে। শীতে হাকালুকি হাওরে বসে অতিথি পাখির মেলা। প্রায় ১৫০ প্রজাতির অতিথি পাখি আসে এ হাওরে।

**কিভাবে যাবেন** : সিলেট বাসস্টেশন হতে বাস বা মাইক্রোবাসে ফেঞ্চুগঞ্জ উপজেলায় যেতে সময় লাগবে ১ ঘন্টা। সেখান থেকে অটোরিকশায় করে ঘিলাছড়া জিরো পয়েন্টে গেলেই দেখতে পাওয়া যাবে হাওর। সিলেট থেকে সরাসরি মাইক্রোবাস নিলে খরচ পড়বে ২০০০ থেকে ৫০০০ টাকা। দূরত্ব ২৮ কিলোমিটার। হাওরে ভ্রমণের উপযুক্ত সময় এপ্রিল-অক্টোবর পর্যন্ত।

## Hakaluki Haor


Hakaluki is one of largest haors in Bangladesh and one of Asia's larger marshes. The area is comprised of Golapganj and Fenchuganj of Sylhet District and Kulaura and Barlekha of Moulvibazar district. The total area of the haor is about 25000 hectre with a total of 170 species of fish, 120 species of plant. There are more than 238 beels in the haor of which 20 beels have been declared as fish sanctuary. In winter season, Hakaluki haor appears with different beauty. In every winter, thousands of migratory birds of about 150 species from Suberia and other cold countries flock to the haors.

**How to go :** Hakaluki Haor is situated about 28 kilometers far away from Sylhet. By bus or microbus, one can go to Fenchuganj. It will take one hour. Then by auto rikshaw, one needs to go to Ghilachara zeropoint. Total fare will be about Tk. 2000-5000. April-October is perfect time for visiting Hakaluki haor.




## বাওরকান্দি হাওর

সিলেট শহর থেকে একটু দূরে এয়ারপোর্ট রোড ধরে বাইশটিলা এলাকায় গেলেই চোখে পড়ে বাওরকান্দি হাওর। সিলেট শহর থেকে ১০ কিলোমিটার দূরে সিলেট সদর উপজেলার কান্দিগাঁও ইউনিয়নে গেলেই দেখা মিলবে এই হাওরের। এর পাশেই রয়েছে চেঙ্গের খাল নদী। চোখে পড়বে ছোট ছোট বালু বোঝাই নৌকা এবং মাছ ধরার নৌকা। চাইলেই এখানে হাওরের মনোরম পরিবেশে নৌকা ভ্রমণ করা যায়। সিলেট শহরতলী থেকে কাছাকাছি হওয়ায় এই জায়গাটি একটি সম্ভাবনাময় বিনোদন স্পট হিসেবে গড়ে উঠছে।



## Baorkandi Haor


Baorkandi Haor is not very far from Sylhet city which is located at Baishtila area near the airport road. It is located at Kandigaon Union of Sylhet Sadar Upazila which is about 10 km far away from Sylhet city. Beside the haor, we will see Chenger Khal river. Small boats carrying sand and fishes can be seen there. If anyone wants, he can have a boat trip in this serene environment of haor. As the place is not so far away from Sylhet city, it is becoming a potential recreational spot day by day.





**যেভাবে যাবেন :** সিলেট শহরতলী থেকে ১০ কিলোমিটার দূরে বাওরকান্দি হাওরে যেতে অটোরিক্সাযোগে ৩০-৪০ মিনিট সময় লাগে। রিজার্ভ অটোরিক্সা ভাড়া পড়বে ৪০০-৫০০ টাকা এবং হাওর ভ্রমণে নৌকা ভাড়া পড়বে ৩০০-৪০০ টাকা।

**How to go :** It will take 30-40 minutes to go to Baorkandi haor by auto-rickshaw which is 10 km away from Sylhet city. If the auto-rickshaw is reserved, then it will cost 400-500 Tk and a boat trip in haor will cost 300-400 Tk.



## কুশিয়ারা নদী

কুশিয়ারা নদীর উৎস হচ্ছে মণিপুর পাহাড়ের বরাক নদী। মণিপুর পাহাড় থেকে উৎপন্ন হয়ে মণিপুর হয়ে কাছাড় জেলার ভেতর দিয়ে সিলেটে প্রবেশ করেছে কুশিয়ারা। সিলেটে এসে বরাক নদী দুটি শাখায় দুটি আলাদা নামে প্রবাহিত হচ্ছে। উত্তর প্রবাহিত স্রোতধারাকে সুরমা এবং দক্ষিণে প্রবাহিত স্রোতধারাকে কুশিয়ারা নামে ডাকা হয়। কুশিয়ারার দৈর্ঘ্য ১২০ মাইল। এ নদী মেঘনার সাথে মিলিত হয়েছে।

কুশিয়ারার বেশ কয়েকটি শাখা সিলেটের বিভিন্ন অঞ্চলে প্রবাহিত হচ্ছে। এগুলোর নাম বিবিয়ানা, ধলেশ্বরী, খোয়াই ও কালনী।



## Kushiara River

Kushiara has originated from Barak of Manipur hill which has entered into Sylhet through the Kachar District via Manipur. Barak River has divdied into two branches in Sylhet. The flowing stream of the east is called Surma and the flowing stream of the south is called Kushiara. It is nearly about 120 km long which has coincided with Meghna. It has also different branches which are known as Bibiana, Dholeshwari, Khowai, Kalni etc.




## সুরমা নদী

সিলেটকে সুরমা নদী মায়ের মত জড়িয়ে রেখেছে। সুরমা বাংলাদেশ-ভারতের একটি আন্তঃসীমান্ত নদী। এর উৎপত্তি মণিপুর পাহাড়ে মাও সংসাং এর নিকট বরাক নদী থেকে। আসামের নাগা-মণিপুর অঞ্চল থেকে উৎপন্ন হয়ে বাংলাদেশ সীমান্তে এসে নদীটি দুই শাখায় বিভক্ত হয়ে প্রবাহিত হচ্ছে। উত্তরের শাখাটি সুরমা নামে পশ্চিম দিকে বিশ্বনাথ উপজেলা হয়ে সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলার উপর দিয়ে প্রবাহিত হয়েছে। আজমেরিগঞ্জের কাছে উত্তরের শাখা সুরমা, আর দক্ষিণের শাখা সিলেটের কুশিয়ারা নদী মিলিত হয়ে হবিগঞ্জে কালনী নদীতে গিয়ে মিশেছে। এরপর সুরমা ও কুশিয়ারার মিলিত প্রবাহ কালনী নামে দক্ষিণে কিছুদূর প্রবাহিত হয়ে মেঘনা নাম ধারণ করেছে। মেঘনা ভৈরব বাজারে পুরাতন ব্রহ্মপুত্রের সঙ্গে এবং চাঁদপুরের কাছে পদ্মার কাছে পদ্মার সঙ্গে মিলিত হয়ে মেঘনা নামে বঙ্গোপসাগরে পতিত হয়েছে।


## Surma River

Surma has embraced Sylhet like Mother. It is a cross-border river of Bangladesh-India. It has originated from Barak River in the Manipur Hills near Mao Songsang. After being originated from the Naga-Monipur region of Asam, it has been flowing into two branches dividing at Bangladesh border. The northern branch named 'Surma' is flowing over Chatak upazila of Sunamganj district via Bishwanath upazila of Sylhet. The northern branch Surma and southern branch Kushiara of Sylhet have coincided near Ajmerigonj of Habiganj which is named as Kalni there. Then Kalni, the coinciding flow of Surma and Kushiara hold the name "Meghna" immediately after flowing a little distance away towards southward. The Meghna has fallen into the Bay of Bengal coinciding with Old Brahmaputra at Bhoirab Bazar and Padma at Chandpur.






সুরমা নদী
Surma River



সুরমা নদী
Surma River



## গোয়াইন নদী

গোয়াইন নদীর একপাশে ঘন পাহাড়। পাহাড়ে ঘেরা এই নদীর অপার সৌন্দর্য মুগ্ধ করে পর্যটকদের। ভারতের মেঘালয় পার্বত্য এলাকা থেকে সিলেটের জৈন্তাপুর উপজেলার উত্তরাংশ দিয়ে বাংলাদেশে প্রবেশ করেছে গোয়াইন নদী। এটি ছাতক উপজেলার মধ্য দিয়ে প্রবাহিত হয়ে ছাতক বাজারের কাছে সুরমা নদীতে পড়েছে। গোয়াইন একটি খরস্রোতা পাহাড়ি নদী। বর্ষা মৌসুমে এ নদী বিপুল পরিমাণ পলি বহন করে আনে। নদীটি ১০০ মিটার প্রশস্থ। গোয়াইন নদী থেকে প্রতিদিন শত শত শ্রমিক পাথর ও বালি সংগ্রহ করে। জাফলং এলাকার মানুষের জীবিকা সম্পূর্ণভাবে এই নদীর ওপর নির্ভরশীল।

## Gowain River

The river Gowain fascinates tourists with its serene beauty surrounded by green hill tracks. It has entered into Bangladesh from the hilly area of Meghalaya of India via northward part of Jaintiapur Upazila of Sylhet. It has fallen into Surma river near the Chatak Bazar in Sunamganj flowing over Chatak upazila. It is a river with heavy current which carries huge amount of sediment during the rainy season. It is nearly about 100 meter wide. Hundreds of day labourer search their livelihood by extracting sand and stone from this river. The people of Jaflong are completely dependent on this river for their livelihood.




## পিয়াইন নদী

সিলেটের একটি খরস্রোতা নদী হচ্ছে পিয়াইন। নদীটির দৈর্ঘ্য ১৪৫ কিলোমিটার। এ নদীতে আছে অসংখ্য বাঁক। পাহাড়ি এ নদীটিতে বর্ষায় নামে পাহাড়ি ঢল। নদীটি আগাম বন্যা নিয়ে আসে সিলেটে। সে সাথে আসে প্রচুর পাথর। পিয়াইন নদী ভারতের আসামের ওম বা উমগট নদী থেকে উৎপত্তি লাভ করেছে। এটি ছাতক উপজেলায় এসে সুরমার সাথে মিলিত হয়েছে। প্রবেশ পথেই উমগট নদী দুই ভাগে বিভক্ত হয়ে বাংলাদেশে প্রবেশ করেছে। যার একটি শাখার নাম পিয়াইন নদী এবং অপর শাখাটি ডাউকি বা জাফলং নদী নামে সিলেটে প্রবাহিত হচ্ছে।

## Piyain River

Piyain is a river with a strong surrent. It has a length of 145 km. It has numerous turns. During the rainy season, heavy hilly rainfall here brings flood inadvance as well as huge amount of stones. The river has orginated from the Ohm or Ohmget river of Assam state of India. It has coincided with Surma in Chhatak upazila of Sylhet. In the very threshold point of entrance, the Ohm river has divided into two branches. One of them is Piyain and another is Dawki or Jaflong.






## দামারি হাওর

দামারি হাওরের অবস্থান সিলেটের গোয়াইনঘাট উপজেলার নন্দীরগাঁও ইউনিয়নের সালুটিকরে। গোয়াইন এবং সারি নদীর পাশেই এর অবস্থান। প্রতিদিন প্রচুর পর্যটক এই হাওরের পাড় ঘেঁষে চলে যান বিছনাকান্দি ও ভোলাগঞ্জের পথে। চলন্ত গাড়ি থেকে দামারিকে চোখে দেখেই মুগ্ধ হন। হাওরটি যেন রাতারগুলের এক প্রতিরূপ। হিজল-করচ অর্ধডুবো হয়ে থাকে হাওরের পানিতে। দূর থেকে প্রাকৃতিক হ্রদের মতো দেখায় একে। পানি এতই স্বচ্ছ যে পানির নীল আর আকাশের নীল একাকার হয়ে যায়। হাওরের অদূরেই দেখা মিলবে মেঘালয়ের পাহাড়। পাহাড়ের কোল বেয়ে নেমে আসা ঝরনাধারাও দৃষ্টি কেড়ে নেবে পর্যটকদের। সড়কপথে সিলেট শহর থেকে এর দূরত্ব ১৫ কিলোমিটার।

## Damari haor

Damari haor is located at Salutikor of Nandirgaon Union of Gowainghat Upazila. It is located beside the river Goawain and Sari. Many tourists cross this spot while visiting Bisnakandi and Bholaganj spot. They are mesmerized by the beauty of Damari. It has quite the similar scenic beauty of Ratargul swamp forest. Hizal and Koroch trees are seen partially submerged in the water. It looks like a natural lake from far away. The water is so clear that the blue colour of sky and water just become one at the horizon. The hills of Meghalaya can be seen from here which are not very far away from here. The sight of fountains will catch the eyes of the tourists. The spot is 15 km away from Sylhet city.






## শহীদ মিনার

চা বাগানের ফাঁকে ভোরের সূর্যের রক্তিম আলোকছটা, সাথে আবহমান বাংলার সংগ্রামী চেতনা নিয়ে মাথা উঁচু করে দাঁড়িয়ে আছে সিলেট শহীদ মিনার। নান্দনিক শিল্পকর্মের এই স্থাপত্যে রয়েছে তিনটি স্তম্ভ। মাঝের স্তম্ভের উচ্চতা ৪৫ ফুট। তাতে বসানো হয়েছে রক্তিম সূর্য। মূল স্তম্ভের পাশাপাশি শহীদ মিনারকে ঘিরে মুক্তমঞ্চ, মহাসড়ক ও প্রদর্শনী কেন্দ্র নির্মাণ করা হয়েছে। শহীদ মিনারের ডান দিকে মাটির নিচে তিন হাজার স্কয়ার ফুটের একটি সংগ্রহশালা রয়েছে। এখানে ভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধের স্মারক, স্মৃতিচিহ্ন, বই ও আলোকচিত্র প্রদর্শন করা হয়। ১৯৮৮ সালে এ অঞ্চলের ভাষা আন্দোলন ও মহান মুক্তিযুদ্ধের স্মৃতিবিজড়িত চৌহাট্টা এলাকায় সিলেট কেন্দ্রীয় শহীদ মিনারটি নির্মিত হয়।


## Shaheed Minar

Sylhet Shaheed Minar is standing tall with crimson glow of morning sun through tea garden accompanying the striving spirit of Bangla. This aesthetic work of art has three columns. The central column is 45 feet high, implanted in with crimson sun. In addition to the original pillars, Muktamoncho, rehearsal room and exhibition center have been built surrounding the Shaheed Minar. There is an underground museum of three thousand square feet to the right of the Shaheed Minar. Tokens, books and photographs of language movement and liberation war are exhibited here. In 1988, the Shaheed Minar was established in chowhatta, the nursery house of language movement and great liberation war in this region.



# শহীদ মিনার
শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস

# Shaheed Minar
Shahjalal University of Science & Technology Campus







## আলোচিত গণকবর ও বধ্যভূমি

**মালনীছড়া চা বাগান :** বাগানের তখনকার ভারপ্রাপ্ত ব্যবস্থাপক শওকত নেওয়াজ ও অন্য ৯ জনকে একই জায়গায় দাঁড় করিয়ে গুলি করে হত্যা করে পাক সেনারা। বাগানের স্টাফ কোয়ার্টারের কাছেই এই বধ্যভূমি।

**খাদিমনগর শ্রমিক হত্যা :** সিলেট সদর উপজেলার খাদিমনগর চা বাগানে ১৯৭১ সালের ১৯ এপ্রিল ঘটে মর্মান্তিক ঘটনা। চা বাগানের শ্রমিকদেরকে কাজ দেয়ার কথা বলে এক জায়গায় দাঁড় করিয়ে গুলি করে হত্যা করা হয়। এতে শহীদ হন ৬৪ জন শ্রমিক। নিহত শ্রমিকদের অনেক পরিচয়ও উদ্ধার করা সম্ভব হয়নি। স্বাধীনতা পরবর্তী সময়ে বাগান কর্তৃপক্ষ এই শহীদদের স্মরণে বাগানের প্রবেশপথে একটি স্মৃতিস্তম্ভ নির্মাণ করেন।

**সিলেট আবহাওয়া অফিস :** একাত্তরের ৫ এপ্রিল সিলেট নগরীর শাহী ঈদগাহ এলাকায় অবস্থিত আবহাওয়া অফিসে হত্যাযজ্ঞ চালায় পাকিস্তানি সৈন্যরা। সকাল ৮টায় আবহাওয়া অফিসে ঢুকেই তারা ৯ জন কর্মকর্তা-কর্মচারীকে হত্যা করে। স্বাধীনতার পর এখানে তাদের কবরের জায়গাটিতে একটি দেয়াল নির্মাণ করা হয়।

**সিলেট সদর হাসপাতাল :** ১৯৭১ সালের ৯ এপ্রিল। সিলেট শহরে তখন ১৪৪ ধারা। সমগ্র শহরজুড়ে চললো বিমান হামলা। হামলায় আহতরা আশ্রয় নেয় হাসপাতালে। এদের চিকিৎসা করেন ডা. শামসুদ্দিন আহমদ। তার সাথে ছিলেন ডা. শ্যামলকান্তি লালসহ অন্য কর্মচারীরা। বেলা ১১টার দিকে হাসপাতালের চারদিক ঘেরাও করে গুলিবর্ষণ শুরু করে পাকসেনারা। ডা. শামসুদ্দিন আহমদ, ডা. শ্যামলকান্তি লালসহ ৭ জন রোগীকে ধরে নিয়ে যাওয়া হয় হাসপাতালের পূর্ব-দক্ষিণ কোণে। সেখানেই গুলি করে হত্যা করা হয় তাদের। এ শহীদদের স্মৃতি অমর করে রাখতে শহীদ মিনারের পাশে তৈরি করা হয়েছে স্মৃতিস্তম্ভ।

## Cemetery and Graveyard

**Malnicherra Tea Garden :** Pakistani military force killed the acting managing director Showkat Newaj along with his 9 fellow personnels simultaneously in this place. The graveyard is very near to the staff quarter of the garden.

**KhadimNagar Labour Killing :** It represents the terrible incident of 19 April, 1971. All the tea laborers were called for giving job but shot dead by getting them stand in a row. At that time, 64 laborers were martyred. Many of the deceased were unidentified. In the post liberation time, the authority made a monument at the entrance of the garden.

**Sylhet Weather Office :** It was 5 April 1971 when Pakistani military force started to make a massacre in Sylhet weather office at Shahi Eidgah. At around 8 am, they killed 9 staffs by entering into Sylhet weather office. A wall was built there after liberation war as for their commemoration.

**Sylhet Sadar Hospital :** On 9 April 1971. Section 144 was issued in Sylhet city. The whole city was under air attack. Wounded persons took shelter in Sylhet sadar hospital. At that moment, Dr. Shamsuddin Ahmad was acting there. He was accompanied by Dr Shamol Kanti along with other workers. At around 11 am, Pakistani military force surrounded the Hospital from all sides and started firing. Dr Shamsuddin Ahamd, Dr Shamol Kanti and 7 patients were killed in the East-Southward of the hospital. A monument was made after the liberation war for their commemoration.





## চেতনা '৭১

চেতনা '৭১ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (শাবিপ্রবি) অবস্থিত। মুক্তিযুদ্ধের স্মরণে নির্মিত এ ভাস্কর্যটি সাদামাটা হলেও তাৎপর্যপূর্ণ। স্থপতি মোবারক হোসেন নৃপল এর নকশা করেন। এ ভাস্কর্যটি নির্মাণ করা হয়েছে বর্তমান সময়ের শিক্ষার্থীদের আদলে। পোশাক ও আনুষঙ্গিক উপকরণও বর্তমান সময়ের। ভাস্কর্যটিতে এক ছাত্র রয়েছে জাতীয় পতাকা উঁচুতে তুলে ধরার ভঙ্গিমায় আর এক ছাত্রীর হাতে বই, যা বাংলাদেশের সংবিধানের প্রতীক। দূর থেকে দেখলে মনে হয় খোলা আকাশের নিচে ভাস্কর্যটি নির্ভীক প্রহরীর মতো স্বাধীনতা এবং সার্বভৌমত্ব রক্ষা করার জন্য মাথা উঁচু করে দাঁড়িয়ে আছে।

## Chetona 71

Chetona 71 is situated at the premises of Shahjalal University of Science and Technology. It has been designed by Mubarak Hossain Nripol with the theme of running students. Though it is very simple to see, it has a great significance. The sculpture displays the gesture of a male student lifting up a national flag in one hand and a female student with a book in another hand which depicts the constitution of Bangladesh. When it is seen from far, it seems to be representing a valiant guard of the sovereignty and independence.



## নানকার বিদ্রোহ

নানকার বিদ্রোহ সিলেট অঞ্চলের একটি কৃষক-আন্দোলন, যা ১৮ আগস্ট ১৯৪৯ সালে সংগঠিত হয়। জমিদারের ভূমিদাসদের একটি প্রথাকে "নানকার প্রথা" বলা হতো। 'নান' ফার্সি শব্দ, এর অর্থ রুটি এবং 'কার' অর্থ যোগান বা কাজ করা; অর্থাৎ 'নানকার' শব্দটি দ্বারা বোঝানো হয় সেসব কর্মীদের যারা খাবারের বিনিময়ে কায়িক শ্রম দান করে। নানকার প্রজাদের চাষ করার জন্য বা ঘর বানানোর জন্য নিজস্ব কোনও জমি দিত না জমিদাররা। সিলেটের বিয়ানীবাজার, গোলাপগঞ্জ অঞ্চলে মারাত্মকভাবে চালু ছিল নানকার প্রথা। ১৯৩৭ সালের ঘৃণ্য নানকার প্রথা রদ ও জমিদারি ব্যবস্থার বিরুদ্ধে রুখে দাঁড়ায় মানুষ। ১৯৪৯ সালের এই দিনে বিয়ানীবাজার উপজেলার সানেশ্বর উলুউরি গ্রামের সুনাই নদীর তীরে পাকিস্তান ইপিআরের গুলিতে প্রাণ দেন ৬ জন। এ ঘটনার পর আন্দোলনে উত্তাল হয় সারাদেশ। অবশেষে ১৯৫০ সালে প্রবল আন্দোলনের মুখে সরকার জমিদারী প্রথা বাতিল ও নানকার প্রথা রদ করে কৃষকদের জমির মালিকানা দিতে বাধ্য হয়।

## Nankar Revolt

The mass revolt in Sylhet in the early 20th century, known as the Nankar Revolt occured at 18th August 1949. The term Nankar is derived from Persian words Nan and kar. The Nan means Bread and Kar means service. So, the term Nankar means earning of bread in exchange of service. Actually, the Nankar subordinate was such a wretched person who has no land of his own for cultivation and even for constructing his home. This slavery system was popular in Beanibazar and Golapganj Upazila of Sylhet. In 1937, people revolted. In 1949, Pakistani army killed 6 people near the river of Sunai at Beanibazar. After that, the whole country raised their voice against it. Finally, the movement settled down when the zamindari system was abolished in 1950 and nankars were recognised as normal raiyats guaranteeing their rights on land.



## হুমায়ূন রশীদ চৌধুরী

হুমায়ূন রশীদ চৌধুরী বাংলাদেশের একজন কূটনীতিবিদ ও রাজনীতিবিদ ছিলেন। তিনি ১১ নভেম্বর ১৯২৮ সালে সিলেট শহরে জন্মগ্রহণ করেন। তিনি ১৯৪৭ সালে আলীগড় মুসলিম বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রি সম্পন্ন করেন। তারপর ইংলিশ বারে অধ্যয়ন করেন ও লন্ডনের ইনার টেম্পলের একজন সদস্য হন। লন্ডনেরই 'আন্তর্জাতিকসম্পর্ক প্রতিষ্ঠান' থেকে ডিপ্লোমা ডিগ্রি অর্জন করেন। এছাড়াও, ম্যাসাচুসেটসের ফ্লেচার স্কুল অব ল অ্যান্ড ডিপ্লোমেসি থেকে স্নাতক ডিগ্রি অর্জন করেন।

১৯৭১সালে অনুষ্ঠিত বাংলাদেশের মহান স্বাধীনতা যুদ্ধের সময়হুমায়ূন রশীদ চৌধুরী নতুন দিল্লীতে বাংলাদেশ মিশনের প্রধান ছিলেন। ৫ ডিসেম্বর ১৯৭১ সালে ভারতের সংসদ অধিবেশনে ভাষণ দেন। এ সময় তিনি বাংলাদেশের স্বীকৃতি আদায়ে ৪০ টিরও অধিক দেশের সাথে কূটনৈতিক তৎপরতা চালান। স্বাধীনতা পরবর্তীতে তিনি রাষ্ট্রদূত ও পররাষ্ট্র সচিব হিসেবে দায়িত্ব পালন করেন। ১৯৮৬ সালে জাতিসংঘের সাধারণ পরিষদের ৪১ তম অধিবেশনে সভাপতির দায়িত্ব পালন করেন। তিনি বাংলাদেশের জাতীয় সংসদে ১৯৯৬-২০০১ পর্যন্ত স্পিকার হিসেবে দায়িত্ব পালন করেন। স্বাধীনতা ও মুক্তিযুদ্ধে বিশেষ অবদানের জন্য ২০১৮ সালে তাকে স্বাধীনতা পদক প্রদান করা হয়।

## Humayun Rasheed Choudhury

Humayun Rasheed Choudhurywas a Bangladeshi career diplomat. He was born in Sylhet on 11 November 1928. He graduated from Aligarh Muslim University in 1947. He then studied for the English Bar and became a member of the Inner Temple in London. He obtained a diploma in International Affairs from the London Institute of World Affairs. He later graduated from The Fletcher School of Law and Diplomacy in Massachusetts, United States.

During the Bangladesh Liberation War in 1971, Humayun Rasheed Choudhurywas the head ofthe Bangladesh Mission in New Delhi. He negotiated for the recognition of Bangladesh with over 40 countries. He served as the ambassador and the Foreign Secretary of Bangladesh after the liberation war. In 1986, he chaired the 41st session of the UN General Assembly.He was the Speaker of the National Assembly of Bangladesh from 1996-2001. He was awarded the Independence Award in 2018 for his special contribution to the liberation war.

## গোবিন্দ চন্দ্র দেব

ঢাকা বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের অধ্যাপক ড. গোবিন্দ চন্দ্র দেব ১৯০৭ সালের ১ ফেব্রুয়ারি সিলেটের বিয়ানীবাজারের লাউতা গ্রামে জন্মগ্রহণ করেন। যিনি জি সি দেব নামেই বেশি পরিচিত। জি সি দেবের পূর্বপুরুষ গুজরাট থেকে সিলেট এসেছিলেন। ১৯২৫ সালে বিয়ানীবাজার ইংরেজি উচ্চ বিদ্যালয় থেকে প্রথম বিভাগে এন্ট্রাস পাশ করেন। কলকাতার রিপন কলেজ থেকে ১৯২৭ সালে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হন। ১৯২৯ সালে কলকাতা সংস্কৃত কলেজ থেকে ব্যাচেলর অব আর্টস ও ১৯৩১ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে দর্শন শাস্ত্রে মাস্টার্স সম্পন্ন করেন। জি সি দেব ১৯৪৪ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। ১৯৫৩ সালে শিক্ষক হিসেবে যোগ দেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগে। ১৯৮৫ সালে মরণোত্তর একুশে পদক ও ২০০৮ সালে মরণোত্তর স্বাধীনতা পুরস্কার পান। ১৯৭১ সালের ২৬ মার্চ প্রথম প্রহরে পাক হানাদারবাহিনী তাকে হত্যা করে।



## Dr. Govinda Chandra Dev

Dr. Govinda Chandra Dev, known as G. C. Dev, was a Professor of Philosophy at the University of Dhaka. He was born on 1 February 1907 in the village of Lauta in Beanibazar, Sylhet. His ancestors came from Gujrat (India) to Sylhet. He passed Matriculation with first class in 1925 from Beanibazar English High School and intermediate in 1927 from Kolkata Ripon College. He completed his BA (Hons) in Philosophy from Calcutta Sanskrit College in 1929 and MA in Philosophy from the same Alma Mater. Dr. Dev completed his PhD in Philosophy from Calcutta University in 1944. In 1953, he joined at the Department of Philosophy and Psychology, Dhaka University. Bangladesh government awarded him Ekushe award in 1985 and Independence award in 1908 posthumously to the late Dr. Dev. He was brutally murdered by the Pakistani Army on the fateful night of March 25, 1971.

## জেনারেল এমএজি ওসমানী

জেনারেল মুহম্মদ আতাউল গণি ওসমানী বাংলাদেশ সশস্ত্রবাহিনী এবং মুক্তিযুদ্ধে মুক্তিবাহিনীর প্রধান সেনাপতি। ১৯১৮ সালের ১ নভেম্বর সুনামগঞ্জে জন্মগ্রহণ করেন। তার পৈত্রিক বাড়ি সিলেটের বালাগঞ্জ উপজেলার দয়ামীরে। ১৯৩৯ সালে দেরাদুনে ব্রিটিশ ভারতীয় সামরিক একাডেমী থেকে সামরিক কোর্স সম্পন্ন করে রাজকীয় বাহিনীতে কমিশন্ড অফিসার হিসেবে যোগ দেন ১৯৪০ সালে। দ্বিতীয় বিশ্বযুদ্ধে তিনি বার্মা রণাঙ্গনে যুদ্ধ করেন।



১৯৪৭ সালে দেশ বিভাগের পর পাকিস্তান সেনাবাহিনীতে যোগ দেন এবং পরদিনই লেফটেন্যান্ট কর্নেল পদে উন্নীত হন। এমএজি ওসমানী ১৯৭০ সালে আওয়ামী লীগে যোগদান করেন। সত্তরের সাধারণ নির্বাচনে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী হিসেবে তিনি পাকিস্তান জাতীয় পরিষদের সদস্য নির্বাচিত হন। ১৯৭১ সালের ১৭ এপ্রিল মুজিবনগরে অস্থায়ী বাংলাদেশ সরকার গঠিত হলে ওসমানী বাংলাদেশ সশস্ত্রবাহিনী ও মুক্তিবাহিনীর প্রধান সেনাপতি নিযুক্ত হন। স্বাধীনতার পর ১৯৭১ সালের ২৬ ডিসেম্বর তিনি বাংলাদেশ সশস্ত্রবাহিনীর জেনারেল পদে উন্নীত হন। তার স্মরণে ঢাকায় রয়েছে 'ওসমানী স্মৃতি মিলনায়তন' ও 'ওসমানী উদ্যান'। সিলেটে রয়েছে জাদুঘর, মেডিকেল কলেজ হাসপাতাল ও আন্তর্জাতিক বিমানবন্দর।

## General M. A. G. Osmani

M. A. G. Osmani was the commander-in-chief of the Bangladesh Armed Forces and Freedom forces during the War of Independence in 1971. He was born in Sunamganj District on 1 November 1918. But his ancestral home was situated at Doyamir under Balaganj Upazila of Sylhet District.

After succeeding Federal Public Service Commission's examination in 1939, he completed his military course from British-Indian Academy which was under British Government in Deradune, India. He joined in Royal Forces as Commissioned Officer in 1940. During the world war II, he fought in Barma Battle.

In 1947, after the partition of India and Pakistan, he joined in Pakistan Army and the following day of his joining, he was promoted to acting Lieutenant Colonel. Later, he joined in Bangladesh Awami league in 1970. In the general election of 1970, he was nominated from Awami league and had been elected as a member of National Assembly. After that, when the Mujibnagar Government was formed in 17 April 1971, M.A.G. Osmani was appointed as the Chief Commander of Bangladesh Armed Forces and Freedom Fighters (Mukti Bahini). After the liberation war, he was ascended as the General of Bangladesh Army in 26th December 1971. Osmani Uddan, Osmani Memorial Hall were named after him. In addition, a museum, a medical college and an international airport are established in remembrance of his name.

## হেনা দাস

হেনা দাস শিক্ষাবিদ, রাজনীতিবিদ ও নারী নেত্রী। ১৯২৪ সালের ১২ ফেব্রুয়ারি তিনি সিলেট শহরে জন্মগ্রহণ করেন। হেনা দাস ১৯৪০ সালে সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় থেকে ম্যাট্রিকুলেশন, ১৯৪২ সালে সিলেট মহিলা কলেজ থেকে আই.এ এবং ১৯৪৭ সালে বি.এ পাস করেন। ১৯৬৬ সালে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বাংলায় এম.এ ডিগ্রি লাভ করেন। ছাত্র জীবনেই হেনা দাস স্বদেশী আন্দোলন এবং পরে ব্রিটিশ বিরোধী স্বাধীনতা আন্দোলন ও সশস্ত্র বিপ্লবী আন্দোলনে যোগ দেন। ১৯৩৮ সালে তিনি নিখিল ভারত ছাত্র ফেডারেশনের সদস্য হন।


হেনা দাস ১৯৪২ সালে কমিউনিস্ট পার্টির সদস্যপদ লাভ করেন। পাকিস্তান আমলে কমিউনিস্ট পার্টি নিষিদ্ধ ঘোষিত হলে হেনা দাস দশ বছর আত্মগোপনে থাকেন। ১৯৪৮-৪৯ সালে হেনা দাস সিলেটের নানকার কৃষক আন্দোলনে যোগ দেন এবং চা বাগানের নারী শ্রমিকদের সমন্বয়ে ট্রেড ইউনিয়ন গড়ে তোলেন। ১৯৬৯ সালের গণঅভ্যুত্থানে তিনি 'মহিলা সংগ্রাম পরিষদ' গঠন করেন। ১৯৭০ সালে তিনি বাংলাদেশ মহিলা পরিষদে যোগ দেন। উজ্জ্বল স্মৃতি, আমার শিক্ষা ও শিক্ষকতা জীবন, স্মৃতিময় দিনগুলো, নারী আন্দোলন ও কমিউনিস্ট পার্টির ভূমিকা, স্মৃতিময়-৭১, পঞ্চম পুরুষ এবং তাঁর আত্মজীবনী চারপুরুষের কাহিনী হেনা দাসের উল্লেখযোগ্য কিছু বই। বহুমাত্রিক অবদানের জন্য তিনি রোকেয়া পদক ও ঘাতক দালাল নির্মূল কমিটি, আহমদ শরীফ ট্রাস্টসহ বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান থেকে পদক ও সম্মাননা লাভ করেন। ২০০৯ সালের ২০ জুলাই হেনা দাস মারা যান।



## Hena Das

Hena Das was an educationist, politician and women leader. She was born on 12 February, 1924 in Sylhet. She passed Matriculation from Sylhet Agragami Girls' high School in 1940, I.A. and B.A. from Sylhet Womens' College respectively in 1942 and 1947. She obtained M.A. degree in Bangla from Dhaka University. Right from her student life, Hena Das participated in Swadeshi Andolon (Native movement) and later in Independence Movement against British and Armed Revolutionary Movement. In 1938, she became a member of 'Nikhil Bharat Chatra Federation' (All India students' Federation).

Hena Das obtained membership of Communist Party in 1942. Communist Party was banned during Pakistan period and she absconded herself for 10 years. She joined in the movement of Nanker Farmers of Sylhet in 1948-1949 and built up Trade Union with the collaboration of women labourers. She built "Mohila Songram Parishad" in the mass upsurge in 1969. In 1970, she joined "Bangladesh Mohila Parishad". Some mentionable books of Hena Das are "Ujjal Sriti", "Amar Shikka", "Shikkokota Jibon" and "Sritimoy Dingulo", "Nari Andolon", "Communist Partir Bhumika", "Sritimoy-71", "Pancham Purush", "Charpurusher Kahini" and her autobiography. For her multifarious contribution, Hena Das was awarded "Rokeya Medal" and veneration and medals from different non-govt. organizations including "Ghatok Dhalal Committee" and "Ahmed Sharif Trust".



## চা

পাহাড়ের গা জুড়ে চায়ের বাগান। বিভিন্ন প্রাকৃতিক সৌন্দর্যে সিলেট সমৃদ্ধ হলেও প্রকৃতিপ্রেমীদের কাছে অন্য এক ভালো লাগার ধারক সিলেটের চা বাগান। সিলেটে চা বাগান আছে মোট ২০টি। উপমহাদেশের প্রথম চা বাগান মালনীছড়া এই সিলেটেই অবস্থিত। মালনীছড়া দিয়েই চা শিল্পের গোড়াপত্তন হয় ১৮৫৭ সালে। চা এর ইংরেজি প্রতিশব্দ 'টি' যা গ্রীকদেবী থিয়ার নামানুসারে হয়।

চা মৌসুমী অঞ্চলের পার্বত্য ও উষ্ণভূমির ফসল। আলাদা বীজতলায় চা চারার চাষ করার পর এগুলো ২০ সেন্টিমিটার দীর্ঘ হলে দেড় মিটার পর পর গাছগুলো লাগানো হয়। এক একটি গাছ বেঁচে থাকে ৩০-৪০ বছর। চা চাষের জন্য বছরে ১৭৫ থেকে ২৫০ সেন্টিমিটার বৃষ্টিপাত দরকার। বাংলাদেশের চা রপ্তানি হয় ২৫টি দেশে। চা উৎপাদনের দিক থেকে বাংলাদেশ অষ্টম।

## Tea

There are many tea gardens in the slopes of the hills. Among different natural beauties, tea gardens are unique attraction to tourists. There are 20 tea gardens in Sylhet. The first tea garden of this sub-continent is Malnicherra of Sylhet. The tea industry started its journey with the establishment of Malnicherra. 'Tea' is the English name of Cha. This was named after the Greek goddess Thea.

Tea is grown in mountainous area and highland of seasonal territory. The plants of tea are cultivated in different seed-bed and then they are sown when they are about 20 cm. The life-span of each tea tree is about 30-40 years. About 175-250 cm rainfall is essential for the cultivation of tea-plants. We export it in 25 countries. Bangladesh has secured the 8th position in tea-production in the world.



## সাইট্রাস গবেষণা কেন্দ্র

সিলেটের বিয়ানীবাজার, বড়লেখা, কুলাউড়া, জৈন্তাপুর, কানাইঘাট প্রভৃতি অঞ্চলে সাইট্রাস জাতীয় ফলের উৎপাদন সবচেয়ে বেশি হয়ে থাকে। এই সাইট্রাস জাতীয় ফলের উৎপাদনের কথা চিন্তা করেই সিলেটের জৈন্তাপুরে স্থাপন করা হয় 'সাইট্রাস গবেষণা কেন্দ্র'। শুধু ফলের গুণ-মান উন্নয়ন নয়, বিভিন্ন জাতের মসলা উন্নতকরণেও গবেষণা চলছে সিলেটের জৈন্তাপুর উপজেলার গৌরিশঙ্কর গ্রাম সংলগ্ন এই সাইট্রাস গবেষণা কেন্দ্রে। এই গবেষণা কেন্দ্রের ভেতর রয়েছে বেশ কয়েকটি টিলা এবং বিশাল বিশাল বেডে সারিবদ্ধ কমলা, সাতকরা, বাতাবিলেবু এবং অন্যান্য ফলের গাছ। নতুন বেশ কিছু ফলের উন্নত জাত, উৎপাদন প্রযুক্তি, রোগমুক্তকরণ ও প্রক্রিয়াজাতের কলা-কৌশল উদ্ভাবনের গবেষণা চলছে এই কেন্দ্রে। ফুল-ফল ও শাক-সবজি উৎপাদন ও গবেষণার জন্য ১৯৫১ সালে কৃষি কার্যক্রমের অধীনে অর্গানাইজেশন অব হর্টিকালচার সেকশন নামে প্রকল্প চালু হয়। এই কার্যক্রমের অংশ হিসাবে ১৯৫৯-৬০ সালে জৈন্তাপুরে ৫৩ একর জমি নিয়ে ফল উন্নয়ন কেন্দ্র প্রতিষ্ঠা করা হয়। ১৯৬১ সালে আরও ৬৫ একর জমি নিয়ে গোলমরিচ চাষাবাদের জন্য প্রকল্প চালু হয়। পরে ১৯৭০ সালে এদের একীভূত করা হয়। ১৯৭৬ সালে এ গবেষণা কেন্দ্রকে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের অধিভুক্ত করা হয়। এই গবেষণা কেন্দ্রের ভেতর ঢুকলে সহজেই যে কোন দর্শনার্থীর মন জুড়িয়ে যাবে।

**কিভাবে যাবেন :** সিলেট থেকে সিএনজি কিংবা ব্যাটারিচালিত অটোরিক্সায় চলে যাওয়া যাবে সাইট্রাস গবেষণা কেন্দ্রে।








## Citrus Research Centre

The highest amount of Citrus Fruits are produced in the Beanibazar, Jaintiapur, Gowianghat and Kanaighat of Sylhet district. With the contemplation of this citric food, a citrus research centre was established in Jaintiapur of Sylhet. This center also conducts research about the quality development of different types of spices including different fruits. If anyone visits this citrus research centre which is located beside Gourishankar village of Jaintiapur upazila, he will have a mood of tranquility and peace due to its natural beauty. A project was initiated in 1951 for research and production of vegetable, fruits along with other crops under 'Organization of Horticulture Section'. As a part of this project, a Fruit Development Centre was established in 1959-60 on a land 53 acres in Jaintiapur. In 1961, another project was initiated to cultivate black pepper on 65 acres of land. Afterwards in 1970, both the projects were combined together. In 1976, this research Centre was taken under the authorization of Bangladesh Agriculture research institute.

**How to go :** CNG Auto Rickshaw or busses are available from Sylhet to Citrus Centre.





## সাতকরা

সাতকরা বা সাতকড়া লেবু জাতীয় এক প্রকার টক ফল। বৈজ্ঞানিক নাম *Citrus macroptera*। সাতকরা আর সিলেট নিবিড়ভাবে জড়িত দুটি নাম। সাইট্রাস গোত্রের অন্তর্ভুক্ত এ ফলের গাছ লেবুগাছের মতো কাঁটাভরা। লম্বায় ২০ থেকে ২৫ ফুট হয়। ফাল্গুন মাসে ফুল আসে। জ্যৈষ্ঠ-আষাঢ়ে ফল হয়। সিলেট ছাড়াও এর প্রচুর চাহিদা রয়েছে ভারতের আসাম ও মেঘালয়ে।

সিলেটের জৈন্তাপুর, গোয়াইনঘাটের জাফলং ছাড়াও এখানকার পাহাড়-টিলায় সাতকরার চাষ হয়। প্রচুর ভিটামিন সি, ক্যালসিয়াম ও ফসফরাস সমৃদ্ধ এই ফলের গাছ ঔষধি গাছ হিসেবেও ব্যবহৃত হয়ে থাকে। স্বাদে-গন্ধে অনন্য সাতকরা মুখরোচক সবজি হিসেবে সিলেটের সর্বত্র সমাদৃত। হালকা টক ও তেতো সাতকরা মাছ, মাংস ও ডালের সঙ্গে রান্নায় ভিন্ন মাত্রা তৈরি করে। সিলেটের বিখ্যাত খাবার সাতকরা দিয়ে রান্না করা গরুর মাংস। ছোট মাছ রান্নায়ও অনেক সময় স্বাদের বৈচিত্র্য আনতে ব্যবহার করা হয় সাতকরা।

## Satkora
### (One of the Citrus Fruits)

Satkora is a sour fruit like lemon. The scientific name of it is Citrus Macroptera. Satkora and Sylhet are two closely related names. The tree, whose origin is from citrus species, is thorny in nature like lemon tree. Usually, these kinds of trees grow up to 20-25 feet. It blooms in the bangla month Falgun and fruits are seen in Joistha-Ashar (month). Besides Sylhet, it has a great appeal in Assam and Meghalaya state of India. It is also grown in Jaintia, Gowainghat, Jaflong and many local hill tracks. It has an excellent taste and smell. That's why people of Sylhet love to have it in their dishes. Because, it adds taste to curry of fish, lentils and meat. But in Sylhet, it is famous for beef-satkora curry to local people.



## পান-সুপারি

পান আর সুপারির জন্য বিখ্যাত সিলেট। বহু বছর ধরে এখানে পান সুপারি চাষ হয়। জানা যায়, ১৯৮৮ সালের ভয়াবহ বন্যার তোড়ে সিলেটের সংগ্রামপুঞ্জিসহ কয়েকটি পুঞ্জির প্রায় ৪০ ভাগ বাড়িঘর ভেসে যায়। তখন জুমে প্রচুর পান চাষ হতো। এখন এসব পুঞ্জিতে খাসিয়া সম্প্রদায়ের ৩ শ'র বেশি পরিবার বসবাস করছে। তাদের জীবিকা নির্বাহের প্রধান উৎস জুম চাষ। জুমে পান আর সুপারি চাষ করা হয়। পান বাঁধাইয়ের কাজ করে অনেক নারী শ্রমিক আজ স্বাবলম্বি।

## Betel Leaf and Nuts

Though the betel leaf and nuts is injurious to health, it plays an important role in our economy. Actually, Sylhet is famous for it. It is cultivated in Sylhet for many years. It is known to us that about 40% houses were vanished along with Sangram Punji of Sylhet by the devastating flood of 1988. At that time, betel leaves were cultivated as a part of shifting cultivation. Now, about three hundred people of Khasia (tribal) community have been living here. Their main source of income is shifting cultivation. By shifting cultivation, Betel Leaf and Betel Nuts are cultivated. By doing this, many local women are self-dependent now.

## কমলা

শীত আসলেই সিলেট জুড়ে চলে কমলার রাজত্ব। খাসিয়াপুঞ্জিতে উৎপাদিত কমলার সুখ্যাতি রয়েছে। এ কমলার চাহিদা এতোই যে তা রপ্তানি হয় দেশের বাইরেও। প্রতিবছর সিলেটে প্রায় ৩৮৫ হেক্টর জমিতে কমলার বাণিজ্যিক চাষ হয়। বাগানের সংখ্যা ১৫৭টি। বিয়ানীবাজার, গোলাপগঞ্জ, জাফলং, গোয়াইনঘাট ও কোম্পানীগঞ্জ উপজেলায় কমলার ফলন হয় সবচেয়ে বেশি। কমলা গাছ লম্বায় প্রায় ৩০ ফুট হয়। কমলা স্বাস্থ্যের জন্য খুবই উপকারী। এতে ভিটামিন সি ও ক্যালসিয়াম ছাড়াও বিটা ক্যারোটিন ও অ্যান্টি-অক্সিডেন্ট রয়েছে। এক একটি পুরনো কমলা গাছে বছরে তিন থেকে সাড়ে চার হাজার কমলা ধরে।



## Orange

Sylhet is the city of two leaves and one bud for the enormous production of tea. Besides this, it is a well-known city for orange. In winter season, we see the abundance of orange in Sylhet. But the orange which are produced in KhasiaPunji has a huge reputation. And for that reason, these are exported every year. Commercially, about 385 hectres land are allocated for the cultivation of orange. There are 157 orange gardens in Sylhet. Orange are produced in Beanibazar, Golapganj, Jaflong, Gowainghat and Companiganj. The height of orange tree is about 30 feet. Oranges are conducive to health. We get Vitamin C, Calcium Beta Carotene and anti-oxidant from orange. We get 3000-4000 oranges from an old orange-tree every year.



## লটকন

টক-মিষ্টি এ ফলটি সিলেটে 'ভুবি' নামে পরিচিত। সিলেট অঞ্চলে প্রচুর পরিমাণে লটকন উৎপাদিত হয়। একটি লটকন গাছ ৯ থেকে ১২ মিটার লম্বা হয়। পুরুষ এবং স্ত্রী গাছ আলাদা। হলুদ রঙের এই ফলের আকার দুই থেকে পাঁচ সেমি। থোকায় থোকায় যখন ধরে মনে হয় হলুদ ফুলে ছেয়ে আছে গাছ। লটকনের বেশ কয়েকটি আঞ্চলিক নাম আছে যেমন: কানাইজু, লটকা, লটকাউ ইত্যাদি। লটকনে প্রচুর ভিটামিন বি-২, ভিটামিন-সি রয়েছে। এছাড়াও ক্যালসিয়াম, ফসফরাস, লৌহসহ বিভিন্ন খনিজ রয়েছে।

## Burmese Grape

In Sylhet, Burmese Grape is a well-known fruit and people know it as Vubi. It has sweet-sour taste. A number of this fruit are produced in Sylhet region. The height of the tree is about 9-12 meter. Male and female trees are different. The color of this fruit is yellow and the size is about 2-5 cm. It looks like yellow flowers in the tree when these fruits are grown in bundles. It has different dialectic names. For example: Kanaiju, Lotka, Lotkau etc. Besides Calcium, Phosphorous, Iron, we get Vitamin B2, Vitamin C from it.

## লুকলুকি

লুকলুকি সিলেটের আরও একটি টক ফল। পাকলে এর রং লালচে বেগুনি হয়ে যায়। ফলের শাঁসের রং গোলাপি সাদা বা হালকা বাদামি। খোসাসহ পুরো ফলই খাওয়া যায়। ফলটির পূর্ণ স্বাদ পেতে খাওয়ার আগে এটি টিপে তুলতুলে করে খেতে হয়। লুকলুকি দিয়ে ভালো জুস তৈরি করা যায়। লুকলুকির গাছটা অদ্ভুত চরিত্রের। গাছটির গোড়া থেকে মোটা কাণ্ডের সারা গা ভরে থাকে বড় বড় কাঁটায়। তাই গাছে ওঠা ও ফল পাড়ার কথা কেউ চিন্তাই করে না।

## Lukluki

Lukluki is an another sour-fruit in Sylhet. It has a red-violet color when it is ripe. The inner color of this fruit is pink-white and slight brown. One can take whole fruit without decorticating it. Before eating, this fruit is required to be flabby by pressing in order to get its full taste. The English name of Lukluki is "Coffee Plant". From lukluki, we can make excellent juice. It is a very strange tree owing to the thorns of every part of it. It Is needless to think to climb up the tree and get the fruit from it by hand.



## জলঢুপি আনারস

সিলেটের বিয়ানীবাজারে একটি জায়গার নাম জলঢুপ। এ এলাকায় প্রচুর আনারসের ফলন হয় আর সেগুলো জলঢুপি আনারস হিসেবে পরিচিত। ১৫৪৮ সালে উপমহাদেশে প্রথম আনারস নিয়ে আসে পর্তুগিজ বণিকরা। আমাদের দেশে আনারসের বিস্তার শুরু হয় আসাম ও মণিপুর দিয়ে। এখন সিলেটে প্রচুর আনারসের ফলন হচ্ছে। আনারসের বৈজ্ঞানিক নাম *Ananas sativus*. সিলেটের হানিকুইন জাতের জলঢুপি আনারস আকারে বেশ ছোট হলেও স্বাদ খুব মিষ্টি। জলঢুপি পাকা আনারস লালচে ও ঘিয়ে সাদা রঙের হয়ে থাকে। গড় ওজন এক থেকে দেড় কেজি। পাতা বেশ চওড়া ও ঢেউ খেলানো। আনারসে প্রচুর পরিমাণ ভিটামিন এ, সি, ক্যারোটিন, ক্যালসিয়ামসহ বিভিন্ন পুষ্টিমান রয়েছে।



## Joldhup Pineapple

Joldhup is the name of a place of Beanibazar in Sylhet. The production of Pineapple is ample in Joldhup and for that reason, the very name of Pineapple is Joldhup Pineapple. In 1548, the Portuguese merchants brought the first plant of pineapple. After that, Pineapple had come from Assam and Manipur (two states of India) in our country. The scientific name of Pineapple is *Ananas sativus*. In Sylhet, we see the honeyqueen pineapple which is small but tasty. Usually, the color of Joldhup Pineapple is reddish and cream when it is ripe. The average weight of this kind of Pineapple is 1-1.5 kg. The leaf of Pineapple is wide and choppy. From this fruit, we get plenty of vitamins such as vitamin A, Vitamin C, Carotene as well as Calcium.



## তৈকর

তৈকর সিলেট অঞ্চলের জনপ্রিয় আদি টক ফল। সিলেটের পাহাড়ি এলাকার নিকাশযুক্ত অম্লীয় মাটিতে প্রচুর পরিমাণে তৈকর উৎপাদিত হয়। কেউ কেউ তৈকরকে থৈকোলও বলে থাকে। কাঁচা অবস্থায় এ ফলের রং গাঢ় সবুজ, পাকলে হয় হলদে। তৈকর গাছে বছরে দুবার ফল আসে। গাছপ্রতি তিনশ' থেকে সাড়ে তিনশ' ফল ধরে। প্রতিটি ফল সাতশ' থেকে সাড়ে সাতশ গ্রাম ওজনের হয়ে থাকে। তৈকর স্কার্ভি রোগ নিরাময়ে কাজ করে। তৈকর দিয়ে তৈরি হয় আচার, জ্যাম, জেলি।

## Toikor

Toikor is a popular ancient sour fruit of Sylhet. It is produced in the acidic soil of hill tracks of Sylhet region. It is also called "Toikol" by someone. When it is tender, it is has a deep green color and when it is ripen, it has a yellow color. It gives fruit twice in a year. Near about 300-350 fruits are found per tree. Each fruit is weighed 700-750 mg. It is used in the treatment of scurvy disease. Jelly, Jam, Pickles are made of Toikor.



## জাম্বুরা

'জাম্বুরা' লেবু প্রজাতির এক প্রকার ফল। বাংলায় এর আরেক নাম 'বাতাবিলেবু'। পুমেলো, জাবং বা শ্যাডক নামেও ডাকা হয় বিভিন্ন অঞ্চলে। সিলেটের মাটি ও আবহাওয়া জাম্বুরা চাষের উপযোগী। সিলেটের প্রায় প্রতিটি বাড়িতেই রয়েছে জাম্বুরার গাছ। ফাগুন মাসে জাম্বুরা গাছে ফুল আসে। আর পাকে ভাদ্র-আশ্বিন মাসে।

## Jambura

It is one kind of citrus fruit which has another name called 'Batabi Lebu'. It is also 'Pomelo', 'Jabong', 'Shaddock' in different regions. The soil and weather of Sylhet are favorable for the cultivation of Jambura. There are Jambura trees near about each house of Sylhet. It gives buds of fruit in the month of Falgun and get ripen in Bhadro-Ashwin.


## মাল্টা

সিলেটের জৈন্তাপুরসহ বিভিন্ন জায়গায় চাষ হয় মাল্টার। পাহাড়ি এলাকায় মাল্টা ভালো হয় বলে দিনে দিনে এটি ভীষণ জনপ্রিয় হয়ে উঠছে। মাল্টার রস দিয়ে তৈরি হয় জ্যাম জেলি। মাল্টা গাছ বছরে আড়াইশ' থেকে তিনশ করে ফল দেয়।

## Malta

Malta is cultivated in the different region of Sylhet along with Jaintiapur. It is grown well in the hilly region. It is getting popular day by day. Each Malta tree gives 250-300 fruits per year. Its juice is used to produce jelly, jam etc.





## লেবু

লেবু উৎপাদনে সিলেটের তুলনা নেই। সিলেট জেলা তো বটেই গোটা বিভাগেই লেবুর চাষ হয়। লেবুচাষকে কেন্দ্র করে এ অঞ্চলে লেবু প্রক্রিয়াজাত কারখানা স্থাপন করে লেমন জুস, সিরাপ, সাইট্রিক অ্যাসিড, আচারসহ নানা ধরনের ভোগ্যপণ্য উৎপাদন করা সম্ভব।

## Lemon

Sylhet is incomparable in lemon production. Lemon is cultivated not only in Sylhet district but also in whole Sylhet division. It is possible to produce different consumer goods like juice, syrap, citric acid and so on by establishing a lemon processing factory on the basis of this lemon cultivation.



## ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর

দেশের তৃতীয় বৃহত্তম আন্তর্জাতিক বিমানবন্দর ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর। সিলেট শহর থেকে ৮ কি.মি. দূরে বড়শালা এলাকায় অবস্থিত। বিমানবন্দরটি বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ দ্বারা পরিচালিত হয়। এটি ১৯৭১ সালের স্বাধীনতা যুদ্ধের প্রধান সেনাপতি এমএজি ওসমানীর নামানুসারে নামকরণ করা হয়। পূর্বে এর নাম ছিল সিলেট বিমানবন্দর।

## Osmani International Airport

Osmani International Airport is the third largest international airport of Bangladesh. It is located at Barashal area which is just 8 k.m away from Sylhet city. The airport is being operated by the Bangladesh Civil Aviation Authority. The airport was formerly known as Sylhet Civil Airport. It was renamed after General M A G Osmani who was the Commander-in-chief of the Bangladesh Armed Forces and Freedom Forces during the liberation war.




## সিলেট রেলওয়ে স্টেশন

বাংলাদেশের তৃতীয় বৃহত্তম রেল স্টেশন হচ্ছে সিলেট রেল স্টেশন। দেশে দুই ধরনের রেলপথ চালু আছে: ব্রডগেজ এবং মিটারগেজ। সিলেট রেলওয়ে স্টেশন হচ্ছে মিটারগেজ রেলপথ। ব্রিটিশ আমলে এ অঞ্চলের মানুষের প্রধান যাতায়াতের মাধ্যম ছিল ট্রেন। সুরমা নদীর দক্ষিণ পাশে খোজার খলা মৌজায় সিলেট রেল স্টেশনের অবস্থান। বছর কয়েক আগে পুরাতন রেল স্টেশনের পাশেই একটি নতুন এবং আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত এই রেল স্টেশন গড়ে তোলা হয়েছে।

সিলেট হতে রাজধানী ঢাকার উদ্দেশ্যে প্রতিদিন ৪টি আন্তঃনগর ট্রেন ছেড়ে যায়: কালনী এক্সপ্রেস, জয়ন্তিকা এক্সপ্রেস, পারাবত এক্সপ্রেস ও উপবন এক্সপ্রেস। বন্দর নগরী চট্টগ্রামের উদ্দেশ্যে প্রতিদিন ২টি আন্তঃনগর ট্রেন ছেড়ে যায়। এছাড়া বেশ কয়েকটি মেইল ও লোকাল ট্রেন চলাচল করে।



## Sylhet Railway Station

Sylhet Railway Station is the third largest railway station in Bangladesh. It is located at Khujarkhola Mouja on the south side of Surma River. There are two types of rail roads in the country: broad gauge and meter gauge. This station is connected with meter gauge link. During the British period, the main transport of the people of this region was train. A new railway station was built beside the old one with modern facilities.

Four intercity trains- Kalni express, Jayanthika express, Parabat express and Upaban express leave from Sylhet to Dhaka every day. Two more intercity trains - Paharika express and Udayan express leave from Sylhet to the port city Chittagong daily. Apart from these, there are also several mail trains and local trains.



## সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম

সবুজ পাহাড়ঘেরা আর নয়নাভিরাম চা বাগানের মনোরম পরিবেশবেষ্টিত সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম। স্টেডিয়ামের চারপাশে চা বাগান, বড় বড় গাছ, ছোট ছোট টিলার সাথে রয়েছে সবুজ গ্যালারি। লাক্কাতুরা চা-বাগানের ভেতরেই মাঠ। স্টেডিয়ামটি ২০০৭ সালে নির্মিত হয়। ৬১৫ ফুট দীর্ঘ এবং ৪৮৫ ফুট প্রশস্ত এই ক্রিকেট মাঠটি দেশের অন্যতম বড় একটি মাঠ। আগে এর নাম ছিল সিলেট বিভাগীয় স্টেডিয়াম। সংস্কার করে আন্তর্জাতিক ক্রিকেটের উপযোগী করার পর নাম হয় সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম।

কিভাবে যাবেন : শহর থেকে রিকশা অথবা সিএনজিচালিত অটোরিকশায় করে বিমানবন্দরের দিকে গেলেই স্টেডিয়ামটি পাওয়া যাবে। ভাড়া ১৫০-২০০ টাকা।

## Sylhet International Cricket Stadium

Sylhet International Cricket Stadium is surrounded by green hillocks and eye-catching tea garden. Gallery is attached with the stadium along with tea garden, big trees and small hills on four sides. The main field is located inside "Lakkatura" tea garden. It was built in 2007. It is one of the biggest fields of the country having the size of 615 feet long and 485 feet wide. Earlier it was addressed as Sylhet Divisional Stadium. After reformation, it was renamed as Sylhet International Stadium.





## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

বাংলাদেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অন্যতম। এটি শাবিপ্রবি বা সাস্ট নামেও পরিচিত। এটি এশিয়া মহাদেশের অন্যতম বড় একটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। প্রকৌশল শাস্ত্রে বিশেষ অবদান রাখা বাংলাদেশের শীর্ষস্থানীয় এ বিশ্ববিদ্যালয়টি ২৫ আগস্ট ১৯৮৬ সালে প্রতিষ্ঠিত হয়। ক্যাম্পাসটি সিলেট শহর হতে প্রায় ৫ কিলোমিটার দূরে কুমারগাঁওয়ে অবস্থিত। বিশ্ববিদ্যালয়ে ৬টি অনুষদের অধীনে ২৮টি বিভাগ রয়েছে। বাংলাদেশের একমাত্র সার্চ ইঞ্জিন 'পিপীলিকা' এই বিশ্ববিদ্যালয়ের অবদান যা ২০১৩ সাল থেকে চালু হয়ে এ পর্যন্ত সফলভাবে তথ্যসেবা দিয়ে আসছে।



## Shahjalal University of Science and Technology

Shahjalal University of Science and Technology is one of the best universities among the public universities of Bangladesh. It is also known as SUST. It is one of the largest science and technology universities of Asia. The University has made a special contribution in engineering sector. It was established on August 25, 1986. The campus is located at Kumargaon, about 5 kilometers away from the center of the Sylhet city. The University has 28 departments under 6 faculties. "Pipilika", the one and only Bangladeshi search engine, is the contribution of this university which has been successfully providing information services since the year 2013.





## সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়

কৃষি শিক্ষা প্রসারের জন্য ২০০৬ সালে সিলেট সরকারি ভেটেরিনারি কলেজকে একটি অনুষদে রূপান্তর করে প্রতিষ্ঠিত হয় সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়। তিনটি অনুষদ নিয়ে যাত্রা শুরু করলেও এখন ছয়টি অনুষদ চালু রয়েছে। পাহাড়বেষ্টিত ৫০ একর এলাকায় গড়ে উঠেছে বিশ্ববিদ্যালয়টির মূল ক্যাম্পাস। এই কৃষি বিশ্ববিদ্যালয়ে রয়েছে ৬টি অনুষদ, ৪৭টি বিভাগ, মাঠ গবেষণা কেন্দ্রসহ উন্নত ল্যাবরেটরি। এছাড়া রয়েছে একটি ভেটেরিনারি টিচিং হাসপাতাল।





## Sylhet Agricultural University

For the spreading of agricultural education, Sylhet Veterinary college was promoted into Sylhet Agricultural University in 2006. Initially, the University started with three faculties, now there are six faculties. The main campus of the University has been developed in 50 acres of land surrounded by the hilly area. The Agricultural University has 6 faculties, 47 departments and research laboratories including field research center. There is also a veterinary teaching hospital.



## এম. এ. জি ওসমানী মেডিকেল কলেজ ও হাসপাতাল

এম.এ.জি ওসমানী মেডিকেল কলেজ ১৯৬২ সালে প্রতিষ্ঠিত হয়। কলেজে এক বছরের ইন্টার্নশিপসহ ৫ বছর মেয়াদি এম.বি.বি.এস. শিক্ষাক্রম চালু রয়েছে। ১৯৪৮ সালে সিলেট নগরীর চৌহাট্টায় সিলেট মেডিকেল স্কুল প্রতিষ্ঠা করা হয়। এরপর স্কুলটিকে কলেজে রূপান্তরের দাবিতে আন্দোলন হলে ১৯৬২ সালে পাকিস্তান সরকারের আমলে একে সিলেট মেডিকেল কলেজ নামে কলেজে উন্নীত করা হয়। ১৯৮৬ সালে মুক্তিযুদ্ধের প্রধান সেনাপতি জেনারেল মুহাম্মদ আতাউল গণি ওসমানীর নামে কলেজের নামকরণ করে 'সিলেট এম.এ.জি. ওসমানী মেডিকেল কলেজ' রাখা হয়।

## M. A. G. Osmani Medical College and Hospital

M. A. G. Osmani Medical College was established in 1962. The curriculum is in progress with five year MBBS course including one-year internship in the college. In 1948, Sylhet Medical School was established in Chauhatta of Sylhet city. After the movement for the conversion of the school into college in 1962, it was upgraded to a college named Sylhet Medical College. In 1986, the college was named as Sylhet M.A.G. Osmani Medical College after the name of General Muhammad Ataul Gani Osmani, the commander-in-chief of the liberation war.

## এম সি কলেজ

মুরারিচাঁদ কলেজ (সংক্ষেপে এম সি কলেজ) দেশের পুরানো কলেজগুলোর মধ্যে একটি। এটি সিলেট শহরের টিলাগড় এলাকায় অবস্থিত। কলেজটি ১৮৯২ সালে প্রতিষ্ঠিত হয় সিলেটের তখনকার প্রখ্যাত শিক্ষানুরাগী রাজা গিরিশচন্দ্র রায়-এর অনুদানে। ১৯৪৭-এর দেশ বিভাগের পূর্ব পর্যন্ত কলেজটি কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ছিল। দেশ বিভাগের পর এটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে আসে। ১৯৬৮ সালে কলেজটি নতুন প্রতিষ্ঠিত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত হয় এবং ১৯৯২ সালে বাংলাদেশ জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার সময় তাতে অধিভুক্ত হয়। ১২৪ একর ভূমির উপর অবস্থিত মুরারি চাঁদ কলেজের সুবিশাল ক্যাম্পাসে এখন ৯টি একাডেমিক ভবন রয়েছে। লাইব্রেরিতে ৬০ হাজারের বেশি বই রয়েছে।





## M. C. College

Murari Chand College (M C College) is one of the oldest colleges in the country. It is located at Tilagarh area of the Sylhet city. The college was established in 1892 with the help of a renowned educationist Raja Girish Chandra Roy of Sylhet. The college was affiliated to the University of Calcutta until the partition of 1947. After the partition, the college became affiliated under Dhaka University. In 1968, the college was affiliated with the newly established Chittagong University. After that, when the National University established, it became affiliated under this University in 1992. The total area of Murari Chand College is about 124 acres which covers a vast campus area with a splendid natural beauty. There are nine academic buildings in the campus. There is also a library which has more than 60 thousand books.




## সিলেট কেন্দ্রীয় কারাগার

সিলেট শহর থেকে ১২ কিলোমিটার দূরে সিলেট সদর উপজেলার বাদাঘাটে অবস্থিত সিলেট কেন্দ্রীয় কারাগার। ৩০ একর জমির ওপর গড়ে ওঠা কারাগারের প্রধান ফটকের সামনে গেলেই চোখে পড়বে বড় অক্ষরে লেখা 'রাখিবো নিরাপদ, দেখাবো আলোর পথ'। কারাগারটির বন্দি ধারণক্ষমতা দুই হাজার। নতুন কারাগারের ৩০ একর জায়গার মধ্যে ভেতরের অংশ রয়েছে ১৪ একর জায়গায় এবং বাইরের অংশ রয়েছে ১৬ একর জায়গায়। কারাগারের বাইরের জায়গায় আছে কর্মকর্তা-কর্মচারীদের জন্য ১৩০টি ফ্ল্যাট, ক্যান্টিন, বন্দিদের সঙ্গে সাক্ষাৎকার রুম, এডমিন অফিস, সেন্ট্রাল মসজিদ। এছাড়া চার তলা একটি ডে কেয়ার সেন্টার, স্কুল ও লাইব্রেরি রয়েছে। ভেতরের জায়গায় আছে পুরুষ হাজতি, কয়েদিদের জন্য ছয়তলার চারটি এবং নারী হাজতিদের জন্য তিনটি চারতলা ও দুটি দোতলা ভবন। এ ছাড়া, কারাগারের পশ্চিম পাশে বন্দিদের আধুনিক চিকিৎসা সেবা প্রদানের জন্য ১০০ শয্যার পাঁচতলা হাসপাতাল, ২০ শয্যার দোতলা মানসিক হাসপাতাল রয়েছে। সিলেট সদর উপজেলার বাদাঘাটে চেঙ্গেরখাল নদীর তীরে ২০১১ সালে নতুন এই কারাগার নির্মাণের কাজ শুরু হয়েছিল। ২০১৮ সালের ১ নভেম্বর উদ্বোধন করা হয় অত্যাধুনিক এ কারাগারটি।



## Sylhet Central Jail

Sylhet Central Jail is located at Badghat in Sylhet Sadar Upazila which is 12 km from Sylhet city. The jail is built on 30 acres of land and as soon as you go in front of the main gate of the jail, you will see the words 'Keep safe, show the way of light' written in big letters. The prison has a capacity of 2,000 inmates. The 30-acre site of the new prison has 14 acres on the inside and 16 acres on the outside. Outside the jail have 130 flats for officers and staff, canteen, meeting room with inmates, admin office and central mosque. There is also a four-storied day care center, school and library. Inside, there are four six-storied buildings for male prisoners, three four-storied and two two-storied buildings for female prisoners. In addition, there is a 100-bed five-storied hospital and a 20-bed two-storied mental hospital on the west side of the jail to provide modern medical services to the inmates. Construction of the new prison began in 2011 on the banks of the Badaghat Chengerkhal River in Sylhet Sadar Upazila. The prison was inaugurated on November 1, 2018.

# যাতায়াত ব্যবস্থা
# Communication System



## বিমান সার্ভিস

১. বাংলাদেশ বিমান
২. ইউএস বাংলা
৩. নভো এয়ার

## Air Service

1. Bangladesh Biman
2. US Bangla
3. Novo Air



## ট্রেন সার্ভিস

### সিলেট হতে ঢাকাগামী

১. জয়ন্তিকা এক্সপ্রেস
২. পারাবত এক্সপ্রেস
৩. উপবন এক্সপ্রেস
৪. কালনি এক্সপ্রেস
৫. সুরমা মেইল

### সিলেট হতে চট্টগ্রামগামী

১. পাহাড়িকা এক্সপ্রেস
২. উদয়ন এক্সপ্রেস
৩. জালালাবাদ মেইল

## Train Service

### Sylhet-Dhaka

1. Jaintika Express
2. Parabat Express
3. Upaban Express
4. Kalni Express
5. Surma Express

### Sylhet-Chittagonj

1. Paharika Express
2. Udayan Express
3. Jalalabad Express

## বাস সার্ভিস

১. শ্যামলী
২. হানিফ
৩. এনা পরিবহন
৪. মামুন পরিবহন
৫. সোহাগ পরিবহন
৬. গ্রীনলাইন পরিবহন
৭. এস. আলম সৌদিয়া
৮. লন্ডন এক্সপ্রেস

## Bus Service

1. Shamoli
2. Hanif
3. Ena Paribahan
4. Mamun Paribahan
5. Sohag Paribahan
6. Green Line Paribahan
7. S. Alam Saudia
8. London Express



# সিলেট সার্কিট হাউস



# Sylhet Circuit House






## পর্যটন মোটেল সিলেট

সরকারী আবাসন হিসাবে অধিকাংশ পর্যটকের প্রথম পছন্দ পর্যটন কর্পোরেশনের হোটেল/মোটেল। সিলেট পর্যটন মোটেল শহর থেকে মাত্র ৩-৪ কি.মি. দূরে এয়ারপোর্ট রোডে অবস্থিত।

**কক্ষের সুবিধাবলী :** সকালের নাস্তা, টেলিভিশন, টেলিফোন, গরম এবং ঠান্ডা পানির ব্যবস্থাসহ অন্যান্য সুবিধা।

**আবাসিক কক্ষ :** এসি কুইন বেড/নন এসি টুইন বেড, কনফারেন্স হল, (১৫০ আসন বিশিষ্ট) এবং ড্রাইভার বেড।





## Parjatan Motel

Being government accomodation facility, most of the tourists prefer the hotels/motels of Parjatan Corporation. Sylhet Parjatan Motel is situated on airport road which is 3-4km away from main city.

**Room Facilities :** Breakfast, Lunch, Dinner, hot and cold water for bath, telephone, television along with all modern facilities.

Phone : 01730-712600
Room Rent : Tk. 6,500-45,000





## নাজিমগড় রিসোর্ট

সিলেটের খাদিমনগরে এক নির্জন জায়গায় গড়ে তোলা হয়েছে নাজিমগড় রিসোর্ট। শহর থেকে এর দূরত্ব ৭ কিলোমিটার। সিলেট-জাফলং মহাসড়কের পাশেই অবস্থিত এই জমকালো রিসোর্টটি প্রায় ৬ একর জায়গার উপর গড়ে উঠেছে। পাহাড়ের ঢেউ দেখার নান্দনিক এক জায়গা এই নাজিমগড় রিসোর্ট। ১৫টি কটেজ দ্বারা সমৃদ্ধ এই রিসোর্টে আছে বিশাল এক বাগান, সুইমিং পুল, পিকনিক ও ক্যাম্পিং স্পট। নাজিমগড়ের পর লালাখালের সারি নদীর কাছে আরো দুটি রিসোর্ট রয়েছে- নাজিমগড় ওয়াইল্ডারনেস রিসোর্ট এবং নাজিমগড় নেচার পার্ক।

ফোন: ০১৭৩০-৭১২৬০০
রুম ভাড়া : ৬,৫০০-৪৫,০০০ টাকা

## Nazimgarh Resort

Nazimgarh Resorts is a premier hotel and resort built in a serene area of Sylhet city. It is just 7 kilometers away from the center of the City. Set on six acres of landscape hillside, near Sylhet-Jaflong road, it is a self-contained island of tranquility amidst lush green foliage surrounded by hills, mountains and rivers. There are 15 cottages with a large swimming pool and camping spot. Apart from Nazimgarh, two more resorts were built near Sari river at Lalakhal named Nazimgarh Wilderness Resort and Nazimgarh Nature Park.

Phone : 01730-712600, Room Rent: Tk. 6,500-45,000





## শুকতারা রিসোর্ট

সিলেটের খাদিম জাতীয় উদ্যান এলাকায় টিলার চূড়ায় অবস্থিত শুকতারা রিসোর্ট। ১৪ একর জায়গা জুড়ে এই রিসোর্টটির মোট কটেজ সংখ্যা ১১টি। শহরের কোলাহল থেকে দূরে এসে প্রকৃতির নিবিড় ছায়ায় থাকতে চাইলে শুকতারায় থাকা যায়। শহর থেকে মাত্র ২০ কিলোমিটার দূরে রিসোর্টটি অবস্থিত।

ফোন: ০১৭৬৪-৫৪৩৫৩৫
রুম ভাড়া : ৬,০০০-৮,৫০০ টাকা।

## Shuktara Resort

Shuktara resort is located at the hillock of Khadimnagar national forest. There are 11 cottages containing 14 acres of land. It is only 20km away from Sylhet city.

Phone: 01764-543535
Room Rent: Tk. 6,000-8,500




## এক্সেলসিয়র সিলেট হোটেল এন্ড রিসোর্ট



সিলেট শহর থেকে মাত্র ৯ কিলোমিটার দূরে খাদিমপাড়ার তিনটি টিলার সমন্বয়ে গড়ে উঠেছে এই রিসোর্ট। প্রায় ষাট কেদার তথা সতের একর জায়গা জুড়ে বিস্তৃত পঞ্চাশ হাজার বৃক্ষরাজি শোভিত এই প্রতিষ্ঠানে রয়েছে দুটি হোটেল ভবন। একটির নাম ক্যামেলিয়া ও অপরটি মধুমালতি। নিজস্ব হরিণ ও ঘোড়াসহ বহু জাতের পাখির কলকাকলিতে মুখরিত ছায়াঘেরা এই হোটেলের বিজনেস ও ফ্যামিলি স্যুটগুলো সত্যিই চিত্তাকর্ষক।

ফোন : ০১৭৩৩-২০০১৮০, ০৮২১-২৮৭০০৪০
রুম ভাড়া : ৭,৫০০-১৭,৫০০ টাকা।

## Excelsior Sylhet Hotel & Resort

Eco-friendly Excelsior Sylhet Hotel & Resort is located at three hills of Khadimpara on Sylhet-laflong highway. It is just 25 minutes' drive away from the Osmani international airport of Sylhet and is also well connected by rail and road. This is designed covering more than 17 acres of green hills and lake. Excelsior Sylhet has two exclusive hotel buildings - Modhumaloti and Camellia with fifty world class double rooms and suites. Rooms are engrossed with serenity and beauty of the shadows from the surrounding trees and enchanted with the chirping of birds and the sighting of the elegance and delightful movements of pet deer.

Phone : 01733-200180, 0821-2870040, Room Rent:Tk. 7,500-17,500











## হোটেল স্টার প্যাসিফিক

হযরত শাহজালাল (র.) মাজারের একেবারেই দ্বারপ্রান্তে অর্থ্যাৎ শহরের প্রাণকেন্দ্রেই অবস্থিত হোটেল স্টার প্যাসিফিক।

ফোন: ০১৯৩৭-৭৭৬৬৪৪

রুম ভাড়া: ৪,০০০-২৬,০০০ টাকা।

## Hotel Star Pacific

Hotel Star Pacific is situated near Hazrat Shahjalal (R.) Majar at the heart of the city.

Phone: 01937-776644

Room Rent: Tk. 4,000-26,000









## হোটেল নূরজাহান গ্র্যান্ড

সিলেট শহরে উচ্চমানের একটি আইকন ল্যান্ডমার্ক আবাসন হোটেল নূরজাহান গ্র্যান্ড যা বাসস্থানের বিলাসিতা বয়ে আনে। এছাড়াও একটি অনন্য জীবনধারার অভিজ্ঞতা, চমৎকার পরিষেবা সম্বলিত হোটেল নূরজাহান গ্র্যান্ড যা শহরের প্রাণকেন্দ্রে অবস্থিত।

ফোন : ০১৯৩০-১১১৬৬৬

রুম ভাড়া : ৪,০০০-২৬,০০০ টাকা।

## Hotel Noorjahan Grand

Soaring high above downtown Sylhet, Hotel Noorjahan Grand is an iconic landmark that offers the ultimate luxury in accommodation. Proposing a unique lifestyle experience, the hotel promises to offer nothing less than excellent service in the heart of the city.

Phone : 01930-111666

Room Rent : Tk. 4,000-26,000

## কুশিয়ারা কনভেনশন হল

কুশিয়ারা কনভেনশন হল সিলেট জেলার দক্ষিণ সুরমার চণ্ডিপুল নামক স্থানে অবস্থিত। প্রায় ২৫০ শতক জায়গার উপর এটি নির্মিত হয়েছে। ৫ হাজার লোকের ধারণ ক্ষমতাসম্পন্ন এই প্রতিষ্ঠানে বিভিন্ন ধরনের অনুষ্ঠান আয়োজনের ব্যবস্থা রয়েছে।

## Kushiyara Convention Hall

Kushiyara Convention Hall is located at Chandipul, South Surma, Sylhet District. It is built on about 250 acres of land. With a capacity of 5,000 people, the organization can arrange a variety of events.

